banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad

ডব্লু বি সি এস
প্রিলিমিনারি
পরীক্ষার উত্তর-সহ নমুনা প্রশ্ন
১০ পাতায়

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765
www.ekarmakshetra.com

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা

বর্ষ ৩৯ সংখ্যা ২৬ কলকাতা বুধবার, ৩০ জানুয়ারি ২০১৯/১
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
১৬ মাঘ ১৪২৫ দাম ৪.০০ টাকা ১৬ পাতা R. N. 37120/80

## বর্ডার সিকিউরিটি ফোর্সে ১৭৬১ কনস্টেবল

১,৭৬১ জন কনস্টেবল (ট্রেডসম্যান) নেবে বর্ডার সিকিউরিটি ফোর্স। নিয়োগ হবে বিভিন্ন ট্রেডে। শুধু ছেলেরা আবেদন করবেন। বাহিনীর কম্যান্ড্যান্ট (রিক্রুটমেন্ট) ভানুপ্রতাপ সিং এই নিয়োগের খবর জানিয়েছেন।

ট্রেড অনুসারে শূন্যপদ: **কবলার:** ৩২টি (সাধারণ ২১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৫)। **টেলর:** ৩৬টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৫)। **কার্পেন্টার:** ১৩টি (সাধারণ ১২, ও বি সি ১)। **কুক:** ৫৬১টি (সাধারণ ২৯১, তফসিলি জাতি ৮৯, তফসিলি উপজাতি ৫০, ও বি সি ১৩১)। **ওয়াটার ক্যারিয়ার:** ৩২০টি (সাধারণ ১৬৮, তফসিলি জাতি ৫৩, তফসিলি উপজাতি ২৬, ও বি সি ৭৩)। **ওয়াশারম্যান:** ২৫৩টি (সাধারণ ১৩২, তফসিলি জাতি ৩৯, তফসিলি উপজাতি ২৩, ও বি সি ৫৯)। **বার্বার:** ১৪৬টি (সাধারণ ৭৬, তফসিলি জাতি ২৩, তফসিলি উপজাতি ১৩, ও বি সি ৩৪)। **সুইপার:** ৩৮৯টি (সাধারণ ২০৩, তফসিলি জাতি ৬৫, তফসিলি উপজাতি ৩৩, ও বি সি ৮৮)। **ওয়েটার:** ৯টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ১)। **পেন্টার:** ১টি (তফসিলি জাতি)। **ড্রাফটসম্যান:** ১টি (ও বি সি)।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেইসঙ্গে সংশ্লিষ্ট ট্রেডের কাজে ২ বছরের অভিজ্ঞতা, অথবা সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ এবং সংশ্লিষ্ট ট্রেডের কাজে ১ বছরের অভিজ্ঞতা, অথবা সংশ্লিষ্ট বা সমতুল ট্রেডে ২ বছরের আই টি আই কোর্স পাশ। বিভিন্ন ট্রেডের কাজে দক্ষরা অগ্রাধিকার পাবেন।

**বয়স:** ১-৮-২০১৯ তারিখে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। তফসিলি এবং ও বি সি প্রার্থীরা যথাক্রমে ৫ ও ৩ বছরের ছাড় পাবেন।

**দৈহিক মাপজোক:** উচ্চতা ১৬৭.৫ সেমি (তফসিলি উপজাতি ও আদিবাসীদের ক্ষেত্রে ১৬২.৫ সেমি, গোর্খাদের ক্ষেত্রে ১৬৫ সেমি)। বুকের ছাতি: না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৮ ও ৮৩ সেমি (তফসিলি উপজাতি ও আদিবাসীদের ক্ষেত্রে যথাক্রমে ৭৬ ও ৮১ সেমি)। উচ্চতা ও বয়সের সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি: ন্যূনতম দূরের ক্ষেত্রে চশমা ছাড়া এক চোখে ৬/৬, অন্য চোখে ৬/৯। প্রার্থীকে শারীরিকভাবে সুস্থ হতে হবে। ভাঙা হাঁটু, চ্যাটালো পায়ের পাতা, শিরাস্ফীতি,

এরপর সাতের পাতায়

## আরও আড়াই লক্ষ শূন্যপদে নিয়োগের ঘোষণা রেলমন্ত্রীর

**নিজস্ব প্রতিনিধি:** রেলে আরও প্রায় আড়াই লক্ষ কর্মী নিয়োগের সিদ্ধান্তের কথা ঘোষণা করলেন রেলমন্ত্রী পীযূষ গোয়েল। অর্থাৎ চলতি নিয়োগ-প্রক্রিয়ার অন্তর্গত অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট ও টেকনিশিয়ান (গ্রুপ 'সি') এবং গ্রুপ 'ডি'-র দেড় লক্ষ শূন্যপদ-সহ মোট চার লক্ষ শূন্যপদে লোক নেওয়া হবে। ২৩ জানুয়ারি রেলমন্ত্রী নতুন আড়াই লক্ষ শূন্যপদে নিয়োগের সিদ্ধান্তের কথা জানিয়ে বলেন, ২০২১ সালের মধ্যে দু'টি পর্যায়ে এই আড়াই লক্ষ শূন্যপদ পূরণ করা হবে। নতুন নিয়োগ প্রক্রিয়ায় উচ্চবর্ণের প্রার্থীদের জন্য ১০ শতাংশ শূন্যপদ সংরক্ষিত হবে বলেও তিনি জানিয়েছেন।

রেলমন্ত্রী জানান, গ্রুপ 'সি' ও 'ডি'-র দেড় লক্ষ শূন্যপদ পূরণের পরেও ১ লক্ষ ৩১ হাজার ৪২৮টি শূন্যপদ ফাঁকা থেকে যাবে। তাই প্রথম পর্যায়ে কর্মী-ঘাটতি কমাতে এবছর খুব শীঘ্রই এই ১ লক্ষ ৩৮ হাজার ৪২৮টি শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া শুরু করে দেওয়া হবে।

রেলমন্ত্রকের তরফে জানানো

এরপর ষোলোর পাতায়

## দিল্লি সরকারে ১০১ ইঞ্জিনিয়ার

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার এবং জুনিয়র ইঞ্জিনিয়ার পদে ২৬৪ জন কর্মী নেবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে সিভিল ও ইলেক্ট্রিক্যাল শাখায় গ্রুপ বি ও সি ক্যাটেগরিতে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১০১টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/19.

শূন্যপদের বিবরণ: পোস্ট কোড 3/19: **জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** ৫৪টি। পোস্ট কোড 4/19: **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল):** ১১টি।

এরপর সাতের পাতায়

## পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ২১৯

বিভিন্ন পদে ২১৯ জন কর্মী নেবে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক। ক্রেডিট, ল, এইচ আর ডি এবং আই টি বিভাগে নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান এবং মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টুয়ে।

শূন্যপদের বিন্যাস: পোস্ট কোড ০২: **এম এম জি এস-টু: ম্যানেজার (ক্রেডিট)**: শূন্যপদ ২৬টি। **শিক্ষাগত যোগ্যতা:** সি এ বা আই সি ডব্লু এ বা এম বি এ অথবা ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট। সমতুল স্নাতকোত্তর ডিগ্রি বা ডিপ্লোমা থাকলেও আবেদন গ্রাহ্য হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট কোড ০৪: এম এম জি এস-টু: ম্যানেজার (ল):** শূন্যপদ ৫৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** আইনে স্নাতক। ৫ বছরের ইন্টিগ্রেটেড কোর্স করে থাকলেও আবেদন করা যাবে। অ্যাডভোকেট বা ল অফিসার হিসেবে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। **বয়স:** ২৫ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট কোড ০৫: এম এম জি এস-টু: ম্যানেজার (এইচ আর ডি):** শূন্যপদ ১৮টি। **শিক্ষাগত যোগ্যতা:** পার্সোনেল ম্যানেজমেন্ট, ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস, এইচ আর, এইচ আর ডি, এইচ আর এম, লেবার ল— যে-কোনও একটিতে ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

**পোস্ট কোড ০৬: জে এম জি এস-ওয়ান: অফিসার (আই টি):** শূন্যপদ

এরপর সাতের পাতায়

## আর্মিতে ১৮৯

### অনলাইন দরখাস্ত করা যাবে ২১ ফেব্রুয়ারি পর্যন্ত

১৮৯ জন ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট নেবে ভারতীয় সেনাবাহিনী। পুরুষদের ৫৩তম শর্ট সার্ভিস কমিশন (টেকনিক্যাল) কোর্স এবং মহিলাদের ২৪তম শর্ট সার্ভিস কমিশন (টেকনিক্যাল) কোর্সে ট্রেনিং দিয়ে নিয়োগ করা হবে বিভিন্ন টেকনিক্যাল শাখায়। এছাড়া ১টি শূন্যপদ রয়েছে নন-টেকনিক্যাল শাখায়। কোর্স শুরু হবে ২০১৯-এর অক্টোবরে।

৫৩তম শর্ট সার্ভিস কমিশনের (টেকনিক্যাল) মাধ্যমে টেকনিক্যাল বিভাগে পুরুষদের ১৭৫টি শূন্যপদ পূরণ করা হবে। নিয়োগ হবে বিভিন্ন শাখায়। **শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস:** সিভিল: ৪৬টি। মেকানিক্যাল: ১৪টি। ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স: ২২টি। অ্যারোনটিক্যাল/অ্যাভিওনিক্স/ব্যালিস্টিক্স: ১২টি। ইনফর্মেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি/এম এসসি (কম্পিউটার সায়েন্স): ৪৪টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড

এরপর ষোলোর পাতায়

## রাজ্য সরকারে মোটর ভেহিক্যাল ইনস্পেক্টর

পশ্চিমবঙ্গ সরকারের পরিবহণ দপ্তরে ৭৪ জন মোটর ভেহিক্যালস ইনস্পেক্টর নিয়োগ করা হবে। প্রার্থী বাছাই করবে রাজ্য পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ১/২০১৯।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৩৭, তফসিলি জাতি ১৭, তফসিলি উপজাতি ৪, ও বি সি-এ ৮, ও বি সি-বি ৪, দৈহিক প্রতিবন্ধী ২, খেলোয়াড় ২।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। **দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৭০ সেমি (তফসিলি উপজাতি, গোর্খা ও পার্বত্য এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ১৬০ সেমি)। বুকের ছাতি: ৮১ সেমি (তফসিলি উপজাতি, গোর্খা ও পার্বত্য এলাকার প্রার্থীদের ক্ষেত্রে ৭৬ সেমি)। উভয় ক্ষেত্রেই ৫ সেমি পর্যন্ত ফোলানোর ক্ষমতা থাকা চাই। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। **বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫ এবং ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। **বেতনক্রম:** ৭,১০০-৩৭,৬০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৩,৯০০ টাকা।

এরপর পনেরোর পাতায়

## জলসম্পদ সংস্থায়

### ইঞ্জিনিয়ার, অ্যাকাউন্ট্যান্ট স্টেনোগ্রাফার, ক্লার্ক

৭৩ জন জুনিয়র ইঞ্জিনিয়ার, জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট, স্টেনোগ্রাফার ও লোয়ার ডিভিশন ক্লার্ক নেবে ন্যাশনাল ওয়াটার ডেভেলপমেন্ট এজেন্সি। এটি ভারত সরকারের জলসম্পদ মন্ত্রকের অধীন একটি স্বশাসিত সংস্থা।

**জুনিয়র ইঞ্জিনিয়ার:** শূন্যপদ ২৫টি (সাধারণ ২১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রিধারীরা

এরপর পনেরোর পাতায়

স্বনির্ভরতার লক্ষ্যে
কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
বিস্তারিত ১৫ পাতায়

## শীর্ষ আদালতের রায়ে চাকরি পি টি টি আই প্রার্থীদের

**নিজস্ব প্রতিনিধি:** এক বছরের প্রাইমারি টিচার ট্রেনিংপ্রাপ্ত (পি টি টি আই) কয়েকশো প্রার্থীকে আগামী তিন মাসের মধ্যে প্রাথমিক শিক্ষক পদে নিয়োগের নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। তবে বিচারপতি সঞ্জয় কল এবং বিচারপতি দীপক গুপ্তের ডিভিশন বেঞ্চ ২৪ জানুয়ারি বলেছেন, যেসব পি টি টি আই প্রার্থী ২০১০ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে কলকাতা হাইকোর্টে মামলা করেছিলেন, কেবল তাঁরাই আসবেন এই রায়ের আওতায়।

উল্লেখ্য, ২০০৬-এ প্রাথমিক শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছিল। পরীক্ষা নেওয়া হয় ২০০৯-এ। পরীক্ষায় বসার সময় পি টি টি আই প্রশিক্ষণ ছিল এমন কয়েকশো প্রার্থীকে সেসময় প্রশিক্ষণের জন্য নির্ধারিত ২২ নম্বর দেওয়া হয়নি। সেজন্য তাঁদের নামও ওঠেনি মেধা-তালিকায়। রাজ্য সরকার জানায়, ওই শংসাপত্রের কোনও বৈধতা নেই বলেই শিক্ষকশিক্ষণের জন্য নির্ধারিত নম্বর তাঁদের দেওয়া হয়নি।

পিটিটিআই শংসাপত্রধারী প্রার্থীরা এই বিষয়ে ২০১০ সালে হাইকোর্টের দ্বারস্থ হন। হাইকোর্টেও বিভিন্ন ডিভিশন বেঞ্চের রায়ে ফারাক ধরা পড়ে। বিচারপতি বিশ্বনাথ সমাদ্দারের ডিভিশন বেঞ্চ জানায়, শংসাপত্র বৈধ নয়, অন্যদিকে বিচারপতি অমিত তালুকদারের ডিভিশন বেঞ্চ রাজ্য সরকারকে ২২ নম্বর দিয়ে দিতে বলে সংশ্লিষ্ট প্রার্থীদের। ডিভিশন বেঞ্চের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে রাজ্য সরকার ২০১২ সালে সুপ্রিম কোর্টে গেলেও ২০১৫-য় মামলা তুলে নেয়। পরে চাকরি না পেয়ে প্রার্থীরা মামলা করেন হাইকোর্টের বিচারপতি দেবাংশু বসাকের আদালতে। তিনি ২২ নম্বর দিয়ে নতুন মেধা তালিকা তৈরির নির্দেশ দেন। পরে রাজ্য সরকারের তরফে বিচারপতি সৌমিত্র পালের ডিভিশন বেঞ্চে এই রায়কে চ্যালেঞ্জ করে মামলা করা হলে, বিচারপতি বসাকের রায় খারিজ হয়ে যায়। এরপরই সুপ্রিম কোর্টে মামলা নিয়ে যান পি টি টি আই শংসাপত্রধারী চাকরি না পাওয়া প্রার্থীরা। রাজ্য সরকার শুনানিতে জানায়, নিয়োগ প্রক্রিয়া শেষ হয়েছে, তাই শূন্যপদও নেই। ফলে মামলাকারীদের চাকরি দেওয়া সম্ভব নয়।

এদিন সেই মামলারই রায় দিতে গিয়ে সুপ্রিম কোর্ট বলেছে প্রার্থীদের ২২ নম্বর দিয়ে আগামী তিন মাসের মধ্যে নিয়োগ করতে হবে।

ফুরোবার আগেই সংগ্রহ করুন



banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



**কর্মক্ষেত্র**
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in
Website: www.swarnakshar.in

বর্ষ ৩৯ সংখ্যা ২৬ □ ৩০ জানুয়ারি ২০১৯

**ই-মেল ঠিকানা**
সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
advt@swarnakshar.in
সার্কুলেশন বিভাগ:
circulation@swarnakshar.in

## কর্মখালি

### আর্জেন্ট ভ্যাকান্সি

3/4/5 স্টার হোটেল এবং রেস্টুরেন্ট-এ ডাক্তারি পরীক্ষার মাধ্যমে পঃ বঃ-সহ অন্যান্য রাজ্যে নিয়োগ চলছে। কিচেন হেল্পার, কুক, Asst. কুক, ম্যানেজার, ওয়েটার ও অন্যান্য পদে ও ওয়েলডিং মেকানিক্যাল এবং পেট্রোল পাম্পে নিয়োগ চলছে। S/V, ASV, স্টোরকিপার পদে যোগ্যতা ৮ম-স্নাতক, বেতন: 12,000/- – 30,000/-. L. G, নৈহাটি, উঃ ২৪ পঃ। M: 90837-47836.

□

**Jio / SBI / Vodafone কাস্টমার কেয়ারে** বাংলাভাষী M/F সরাসরি নিয়োগ চলছে। যোগ্যতা: মাধ্যমিক-স্নাতক। বেতন: INC+OT-সহ 11,800/-. Z. M. GROUP, Salt Lake, Sec-V, Kol-91, হাওড়া ও হুগলি: 98301-20692, মেদিনীপুর ও বর্ধমান: 96747-95345, উঃ ২৪ পরগনা ও দঃ ২৪ পরগনা: 70440-49492.

□

### এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে গ্রুপ D-তে ফর্ম দেওয়া চলছে

গভঃ স্বীকৃত অফিসের মাধ্যমে বিনা ডোনেশনে ব্যাঙ্ক (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 48,400/-. S. J. S, R. N. A, Kol-110, M: 83709-55142.

□

### Pvt. ব্যাঙ্কে চাকরি

**ব্যাঙ্কের Payroll ও ব্যাক অফিস May I** Help U-তে অতি সত্বর যোগ্য প্রার্থী চাই। হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল: 85838-65904 ব্যারাকপুর ও সোদপুর: 86975-95918 নৈহাটি ও কল্যাণী: 74497-02185 সোনারপুর ও গড়িয়া: 86976-16100 বারাসাত ও বনগাঁ: 84208-88113. Need Counseling, ডানলপ-108.

□

**Direct Govt. বাংলা ব্যাঙ্কিং প্রসেসে** SBI / UCO / ATM / PAN CARD / KYC / DOC / অফিস Executive বিভিন্ন অফিসিয়াল পদে স্মার্ট বাংলাভাষী MP-MA (18-36) 512 জন M/F নিয়োগ চলছে। বেতন: 10,927/- – 35,550/- (PF+ESI+INC+TA). W2C, Kol-56. দমদম / বেলঘরিয়া: 83348-59516, ব্যারাকপুর / ব্যান্ডেল: 90629-77779, হাওড়া / মেদিনীপুর: 62892-51870, গড়িয়া / টালিগঞ্জ: 98755-52728.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৩ ফেব্রুয়ারি **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৯ ফেব্রুয়ারি দুপুর ২টো পর্যন্ত।

□□□

**বিজ্ঞাপন গ্রহণের সময়**
রবিবার বাদে প্রতিদিন সকাল সাড়ে ১০টা থেকে ২টো।

## কর্মখালি

### আর্জেন্ট রিক্রুটমেন্ট

**(RL-No-3041)** গ্যারান্টি সহকারে এখানে Airport ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,500/- – 47,300/-. এছাড়া সবরকমের সুবিধা আছে। S. P. বালিগঞ্জ, কোল-19. (M): 98743-18872.

□

### চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা

**বেতন: 10,600/- – 28700/-**

**শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের** জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা: অষ্টম-স্নাতক। পশ্চিমবঙ্গের প্রতিটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট S/V অফিস বয়, ক্লার্ক ইনচার্জ পিওন ATM গার্ড Pvt (Bank)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। Aruna Group, 1 No মল্লিক কলোনী, দমদম-74, (M): 83482-22418.

□

### JOB VACANCY

**www.gcagroup.co.in** সম্পূর্ণ বিনা ডোনেশনে 3-4 দিনের মধ্যে প্রতিটি জেলায় Pvt. BANK, টাওয়ার, ATM, শপিংমল, DISH TV ও MNC -এর বিভিন্ন Official পদে (৪র্থ-স্নাতক) টার্গেট ছাড়া Direct জয়েনিং। বেতন: 13,200/- – 29,700/-) কর্মপ্রার্থীর আবেদনের মুহূর্তে Joining Date জানানো হবে। GCA, সেন্ট্রাল অ্যাভেনিউ, Kol-7, (M): 77186-37129 / 95640-30192.

□

### Pvt. ব্যাংকে চাকরি

**Govt Reg-L/No. 650172**

**পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সম্পূর্ণ বিনা** ডোনেশনে ব্যাঙ্কের ভেতরে স্থায়ী জব। যোগ্যতা: অষ্টম-স্নাতক। বেতন: 12,000/- – 36,000/-. এছাড়াও PF, ESI, বোনাস, থাকা, খাওয়া, যাতায়াত ফ্রি। শিমুরালি নদিয়া স্টেশন রোড, M: 90837-44113, R. P

□

### 'আর্জেন্ট ভ্যাকান্সি' এয়ারপোর্ট ও মেট্রোরেলে গভঃ রেজিঃ সংস্থা R/L No. - 3791

**M: 8371921244**

**শূন্যপদ: 215, বয়স: 18-38 পুরুষ** ও মহিলাপ্রার্থী প্রয়োজন। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: 15,342-46,700/-. এছাড়া PF, ESI, OT বোনাস-সহ থাকা খাওয়ার সুব্যবস্থা। সত্বর যোগাযোগ করুন। S. C. P. L, C.I.T. Rd, Kol-54.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট এয়ারপোর্ট ও মেট্রোতে স্পট জয়েনিং

**গঃ ভঃ লাইসেন্সপ্রাপ্ত অফিসের মাধ্যমে** ডোনেশন ছাড়া M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 17,300/- – 49,700/-. সত্বর যোগাযোগ করুন। D. L. C, সল্টলেক, কলি-64, (M): 83709-56124.

□

## কর্মখালি

### Direct কোম্পানিতে 22 জন

চাকরির জন্য কোনও ডোনেশন লাগে না। স্থায়ী অফিসিয়াল পদে ন্যূনতম H.S পাশ (18-30) কম্পিউটার অপারেটর নিয়োগ। বেতন: 8,345/- – 11,870/- Itech, Dunlop, Kol-108. কলকাতা: 83368-25980, বারাসাত: 83368-25979.

□

### Airport, মেট্রো ও ব্যাঙ্কে স্থায়ী জব

**M: 8370954324**

**সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ** বিনা ডোনেশনে 305 জন M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 16,400/- – 48600/-. বয়স: 18-38, অন্যান্য সুবিধা। S. C. Pvt. Ltd., P/25 C.I.T. Rd, Kol-54.

□

### Airport মেট্রোরেল ও প্রাইভেট Bank (DSA) সংস্থায় কন্ট্রাক্টরের অধীনে স্পট জয়েনিং, Govt. Regd. L. No.: WB-05271

**M: 8348145670**

**স্ট্যাম্প পেপারে লিখিত গ্যারান্টি-সহ** কোনওরকম ডোনেশন ছাড়াই উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি কোম্পানির Direct পে-রোলে স্থায়ী পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 42,500/-). OT, PF, ESI ছুট, বোনাস প্রমোশন-সহ থাকা-খাওয়া ফ্রি। কাজ পেতে অতি সত্বর যোগাযোগ করুন, পরিচয়পত্র ও যোগ্যতার কাগজপত্র-সহ: A. C, 403/12, শ্যামনগর, Pin-743 127. M: 83481-45670.

□

### সঠিক জায়গায় ফোন করে কাজ নিয়ে যান। স্ট্যাম্প পেপারে লিখিত গ্যারান্টি-সহ 4 দিনের মধ্যে নিজের জেলায় স্থায়ী কাজ

**M: 9732890961**

**Govt. Regd. L. No.: EWK 09878**
সম্পূর্ণ বিনা ডোনেশনে উত্তরবঙ্গ-সহ পশ্চিমবঙ্গের সমস্ত জেলার বেকার কর্মপ্রার্থীদের শিক্ষাগত যোগ্যতানুযায়ী কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রোরেল ও প্রাইভেট Bank (DSA) সংস্থায় সরাসরি M/F নিয়োগ চলছে। এছাড়া LTD PVT কোম্পানি-সহ 4G Tower-এ লোক নিয়োগ চলছে। যোগ্যতা: নামসই-স্নাতক। বেতন: (10,500/- – 42,700/-), OT, PF, ESI ছুটি বোনাস প্রমোশনের সুবিধা-সহ থাকা-খাওয়া ফ্রি। কাজ পেতে অথবা কাজের বিশদ জানতে যোগাযোগ করুন: A. Corporate, 403/12, B. H. G. Pin-743 127. M: 97328-90961.

□

### শিক্ষক/শিক্ষিকা চাই

**কামাল হোসেনের ইনস্টিটিউটে চাকরির** পরীক্ষার্থীদের পার্মানেন্ট শিক্ষকদের সাথে পার্ট টাইম পড়ানোর জন্য ইংরেজি, বাংলা, এডুকেশন বিষয়ের স্নাতকোত্তর শিক্ষক/শিক্ষিকা চাই। বয়স: ৩৫-৪৫ বছর। কোনও শিক্ষা প্রতিষ্ঠানে যুক্ত থাকলে তবেই আসবেন। সপ্তাহে ২ দিন ৩ ঘণ্টার ক্লাস। মাহিনা: ৭,০০০/-। সাক্ষাৎ: ২ ফেব্রুয়ারি বিকেল ৪-৫টার মধ্যে। কামাল হোসেন কোচিং, ১৯, শ্যামাচরণ দে স্ট্রিট, কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

□

**কর্মক্ষেত্র** কার্যালয়ে যোগাযোগের ঠিকানা
স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: info@swarnakshar.in
বিজ্ঞাপন দিতে যোগাযোগ করুন:
অর্ণব দাশগুপ্ত: ৯৮৩০৬-০০৭৩৩
সুমনা সেনগুপ্ত: ৯৮৩০০-২৬১৩৬

**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## কর্মখালি

### হোটেলে চাকরি

**কেন্দ্র ও রাজ্য সরকার অনুমোদিত, ISO** স্বীকৃত ও University Affiliated সংস্থার মাধ্যমে হোটেলে গ্যারান্টি-সহ ৮,০০০/- আয় + থাকা + খাওয়া + মেডিকেল ফ্রী। www.bshm.co.in M: 92316-80651. শিলিগুড়ি: 94344-95134.

□

**Pvt. Bank // Pharma & Retail** Dept. চাকরি। অফিসিয়াল পদের জন্য প্রচুর যোগ্য প্রার্থী চাই। সত্বর যোগাযোগ করুন। হাওড়া ও শিয়ালদহ: 96744-11851, বজবজ ও ঢাকুরিয়া: 99038-54218. 76, Ganguly St. Kol-12, MK Carrier & Services.

□

### Salary 10400 - 19500/-

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** FREE. Accropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

### ক্লাস কোঅর্ডিনেটর চাই

**কামাল হোসেনের ইনস্টিটিউটে ক্লাস** পরিচালনা করা, স্টুডেন্টদের ভালো-মন্দ দেখা, নতুন স্টুডেন্টদের চাকরির পরীক্ষা সম্বন্ধীয় তথ্য দেওয়ার জন্য গ্র্যাজুয়েট, ৪০ থেকে ৫৫ বছরের মধ্যে ব্যক্তিত্বপূর্ণ, গম্ভীর কণ্ঠস্বর, সুন্দর চেহারার পুরুষ ও মহিলারা আসুন। কাজের সময়: ৯টা-৫.৩০টা। মাহিনা: ৭,০০০ টাকা। উক্ত যোগ্যতা থাকলে তবেই আসবেন অযথা ভিড় বাড়াতে আসবেন না। সাক্ষাৎ: ১ ফেব্রুয়ারি, ৩টে-৪টে (সময় ঠিক ১ ঘণ্টা)। কামাল হোসেন কোচিং, ১৯, শ্যামাচরণ দে স্ট্রিট, কলেজ স্ট্রিট কফি হাউসের পিছনে।

## স্কুল-কলেজ শিক্ষা

**R.P.Production,www.rpefilmhouse.com** পরিচালকের কাছে অভিনয় শিখে নিজস্ব প্রোডাকশনে ফিল্মে, সিরিয়ালে কাজ করুন। ৬নং বৈকুণ্ঠ সাহা রোড, কলি: ৭৫। মো: 62891-85932.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### নার্সিং ট্রেনিং

**2 Years Diploma in Nursing BSS** & S.T.V.T Affiliated হসপিটাল প্র্যাক্টিস ও Placement-এর গ্যারান্টি। রবীন্দ্র পাঠভবন, বেলঘরিয়া। 83350-66915 / 83350-66916.

□

### ECG ও ফিজিওথেরাপি কোর্স

**ECG, DPT (ফিজিও), DMLT** (প্যাথোলজি) RMP (হোমিও/অ্যালো), ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। ক্লাস-শনি ও রবি। ক্যারিয়ার অ্যাকাডেমি, স্টেশন গড়িয়া, কোল-৮৪, নফরচন্দ্র স্কুলের বিপরীতে। ফোন: 82729-11322 / 89813-66250.

□

**RAIL-এর ১৪০৩৩ Jr. ইঞ্জিঃ ও সায়েন্স** গ্র্যাজুয়েটদের জন্য Special ব্যাচ শুরু হচ্ছে। GIT: Jadavpur, Kol-32. (M): 80179-67323.

□

### বিজ্ঞপ্তি (2019-20)

**PATHOLOGY, ECG, X-RAY,** PHYSIOTHERAPY, DRESSER, R.M.P. (PRACTITIONER) ETC. C. C. M. T. R. I 15, SRI GOPAL MULLICK LANE, CALCUTTA-12. PH: 033-2219-8253/0301.

□

**LL.B (3 & 5 Yrs) No Age, No** Marks, LL.M, D. Das (Advocate), Barasat Judge Court. 94321-76217 / 80177-11657.

□

**সুশ্রুত চক্ষু হাসপাতালে ৬ মাস দৈনিক** হাতে-কলমে বিনামূল্যে প্রশিক্ষণ (শুধুমাত্র মহিলা। বয়সসীমা: ১৮-৩০, যোগ্যতা: উচ্চমাধ্যমিক / স্নাতক উত্তীর্ণ। মাসিক স্টাইপেন্ড ও থাকার ব্যবস্থা আছে। এই বিজ্ঞাপন প্রকাশিত হওয়ার ১০ দিনের মধ্যে বায়োডাটা ছবি-সহ মেল করুন: csr.susrut@gmail.com যোগাযোগ: 90739-97720. SUSRUT-SALT LAKE, KOL-106.

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ২৭৫ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in

**বইমেলায় ৪৫৫নং স্টলে**

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির জলস্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য। সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ-বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণ কাহিনী**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনী।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৬০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
**ছোটদের বই**
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাদ্যি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর আশালতা সেন পুরস্কারপ্রাপ্ত
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ডোঙা** ₹২০

**স্বর্ণাক্ষর**
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# গাঠিয়া, ভুজিয়া, ঝুরিভাজা তৈরির মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** গাঠিয়া, ভুজিয়া, ঝুরি-ভাজা প্রভৃতি খাদ্যগুলি ছোট-বড় সকলের কাছেই অত্যন্ত মুখরোচক। ফলে চাহিদা থাকে সারাবছর।

**কীভাবে করবেন:** গাঠিয়া, ভুজিয়া, ঝুরিভাজা প্রভৃতি খাদ্যদ্রব্য তৈরির প্রধান কাঁচামাল হল বেসন। উৎপাদিত খাদ্যবস্তুর প্রকারভেদ অনুযায়ী প্রথমে পরিমাণমতো বেসন দিয়ে অর্ধতরল মিশ্রণ বানাতে হবে। বিভিন্ন ধরনের গাঠিয়া, ভুজিয়া, ঝুরিভাজা তৈরি করতে প্রয়োজনমতো ডাইসের পরিবর্তন করতে হবে। এবার সেই মিশ্রণ মেশিনের হপারে ঢেলে, মেশিন চালু করলে মিশ্রণটি গাঠিয়া, ভুজিয়ার আকার নেবে। এরপর সেগুলি ভাজার কড়াইতে দিতে হবে। ভাজা হয়ে গেলে অয়েল এক্সট্রাক্টর মেশিনের সাহায্যে অতিরিক্ত তেল বের করে নিতে হবে। মিক্সিং মেশিনে প্রয়োজনীয় মশলা গুঁড়ো করে তা গাঠিয়া, ভুজিয়া ও ঝুরিভাজার ওপর ছড়িয়ে দিন। সবশেষে সেগুলি প্যাকেটে ভরে বাজারে বিক্রি করতে পারেন। মেশিনটির জন্য মোটর লাগবে ১ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ থেকে ৪৪০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** ১ হর্স-পাওয়ার মোটরযুক্ত এই মেশিনের দাম ৩২,০০০ টাকা। অয়েল এক্সট্রাক্টর মেশিনের দাম পড়বে ২৫,০০০ টাকা এবং মিক্সিং মেশিনের দাম পড়বে ২৫,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236 8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com

# শিল্পজিজ্ঞাসা

**‘কর্মক্ষেত্র’-য় ‘স্বনির্ভরতার নানা পথ’ দেখে পথে নামার কথা ভাবছেন? নিজে পথে না নেমে কিন্তু কোনও ব্যবসার সবক’টি দিক জানা সম্ভব নয়। প্রদীপ জ্বালানোর আগে সলতে পাকানোর মতো এ হল ব্যবসা শুরুর আগের ধারণা তৈরির পর্ব। শুরুর আগে বা পরে কোনও জিজ্ঞাসা জাগলে ‘শিল্পজিজ্ঞাসা’ বিভাগে চিঠি লিখুন।**

□ *খরগোশ পালন-সংক্রান্ত নিয়ম-কানুন কীভাবে জানা যেতে পারে? — সইদুল ইসলাম, লক্ষ্মীকান্তপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ খরগোশ পালন-সংক্রান্ত তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইটটি: www.agrifarming.in তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন ব্লক লাইভস্টক ডেভেলপমেন্ট অফিসারের সঙ্গেও। নিকটবর্তী ব্লক ডেভেলপমেন্ট অফিসেও এই অফিসারের সাক্ষাৎ পাবেন। প্রয়োজনে নদিয়ার কল্যাণীতে রাজ্য প্রাণিপালন খামারে যোগাযোগ করতে পারেন।

□ *আমি কোনও খবরের কাগজে পড়েছিলাম, উল্টোনো ছাতার আকারের পাত্রে বৃষ্টির জল ধরে সেই জল সহজ পদ্ধতিতে পরিশোধন করে পানীয় জলে পরিণত করা যায়। কোন সংস্থা এই পরিকাঠামো তৈরি করে সে-সম্পর্কে কোনও তথ্য পাওয়া যেতে পারে কি? —সারথী দত্তগুপ্ত, ডায়মন্ড হারবার রোড, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ প্রকল্পের নাম ‘উল্টা ছাতা’। এই ছাতার মাধ্যমে বৃষ্টির জল ধরে পরিশোধন করা যায়, আবার সৌরবিদ্যুৎও উৎপাদন করা যায়। ‘থিঙ্কফি’ সংস্থা এই ছাতা তৈরি করে। সংস্থার অফিস রয়েছে মুম্বই ও সিঙ্গাপুরে। সংস্থার ওয়েবসাইট: www.thinkphi.com

□ *পরিষেবামূলক ব্যবসার ক্ষেত্রে কোন সার্ভিসের জন্য কত শতাংশ জি এস টি ধার্য হতে পারে সে-সংক্রান্ত কোনও তালিকা পাওয়া যেতে পারে কি? — অরিন্দম হালদার, কৃষ্ণপুর, কলকাতা।*

□□ তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.dcmsme.gov.in

□ *কো-অপারেটিভ সোসাইটির রেজিস্ট্রেশনের ফর্ম কি অনলাইনে পাওয়া যাবে? পাওয়া গেলে ওয়েবসাইট জানাবেন। —সুকুমার মাহাতো, বিষ্ণুপুর, বাঁকুড়া।*

□□ আবদনের ফর্ম ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকে: www.myenterprise.in ওয়েবসাইটের ‘ডাউনলোড অ্যাপ্লিকেশন ফর্ম’-এ ক্লিক করবেন।

□ *স্যানিটারি ন্যাপকিন তৈরির জন্য হাতে চালানো বা সেমি অটোম্যাটিক মেশিন পাওয়া যায় কি? সেরকম মেশিন থাকলে তার দাম কেমন ও কোথায় পাওয়া যায় জানালে উপকৃত হব। — নাম প্রকাশে অনিচ্ছুক, বহরমপুর, মুর্শিদাবাদ।*

□□ তামিলনাড়ুর যুবক এ মুরুগানন্তম স্যানিটারি ন্যাপকিন তৈরির হাতে চালানো ও সেমি-অটোম্যাটিক মেশিন তৈরি করে ইঞ্জিনিয়ারিং বিভাগে ন্যাশনাল ইনোভেশন ফাউন্ডেশনের পুরস্কার পেয়েছেন। তাঁর তৈরি হাতে চালানো মেশিনটির দাম ১,৩৭,০০০ টাকা, সেমি-অটোম্যাটিক মেশিনটির দাম ২,৩৭,০০০ টাকা। পরিবহণ খরচ আলাদা। মুরুগানন্তমের সঙ্গে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯২৮৩১-৫৫১২৮। ই-মেল: muruganantham_in@yahoo.com

□ *জুয়েলারি চেন তৈরির অটোম্যাটিক মেশিন কোথা থেকে কিনতে পাওয়া যাবে? —প্রতাপ হাজরা, বালি, হাওড়া।*

□□ জুয়েলারি চেন তৈরির মেশিনের সরবরাহ হয় মুম্বই, আমেদাবাদ, আগ্রা প্রভৃতি শহর থেকে। গুগলের মতো কোনও সার্চ ইঞ্জিনে গিয়ে ‘অটোম্যাটিক জুয়েলারি চেন মেকিং মেশিন’ লিখে সার্চ করলে এই ধরনের মেশিনের প্রস্তুতকারক ও সরবরাহকদের নাম, ঠিকানা, ফোন নম্বর, ই-মেল অ্যাড্রেস ইত্যাদি পাবেন।

□ *আমি একজন গৃহবধূ। দিনের অনেকখানি সময় একাই কাটাতে হয়। সময়টা কাজে লাগানোর জন্য মোমের পুতুল তৈরির উদ্যোগ নেব বলে স্থির করেছি। আমি সাধারণ মোমবাতি তৈরি করতে পারি। পুতুল তৈরির অভিজ্ঞতা নেই। আমি ওয়েবসাইট থেকে মোমের পুতুল তৈরির পদ্ধতি জানতে পারি কি? সেক্ষেত্রে ওয়েবসাইটের অ্যাড্রেস জানালে উপকৃত হব। —শর্মিলা আচার্য, লেকটাউন, কলকাতা।*

□□ বিভিন্ন ওয়েবসাইটে মোমের পুতুল তৈরির পদ্ধতি-সম্পর্কিত তথ্য রয়েছে। ইউ টিউবেও হাতে-কলমে তৈরির পদ্ধতি দেখতে পারেন। একটি ওয়েবসাইট: www.thesprucecrafts.com/wax dolls overview, কো-অপারেটিভ সোসাইটির রেজিস্ট্রেশনের ফর্ম কি অনলাইনে পাওয়া যাবে, পাওয়া গেলে ওয়েবসাইট জানাবেন।

# হৃষীকেশ এইমসে জুনিয়র ইঞ্জিনিয়ার, মেকানিক

২০ জন জুনিয়র ইঞ্জিনিয়ার ও মেকানিক নেবে হৃষীকেশের অল ইন্ডিয়া ইনস্টিটিউট অব মেডিক্যাল সায়েন্সেস (এইমস)। নিয়োগ করা হবে সিভিল, ইলেক্ট্রিক্যাল ও এয়ার কন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশন বিভাগে।

**শূন্যপদের বিবরণ: বিজ্ঞপ্তি নম্বর ২০১৯/০০৬: জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** শূন্যপদ: ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট। সিভিল প্রোজেক্টের ডিজাইন এবং ইঞ্জিনিয়ারিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। অথবা সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা-সহ সিভিল প্রোজেক্টের ডিজাইন এবং ইঞ্জিনিয়ারিংয়ের কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বিজ্ঞপ্তি নম্বর ২০১৯/০০৭: জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল):** শূন্যপদ: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট। ইলেক্ট্রিক্যাল সিস্টেমসের রিপেয়ার ও মেইন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। অথবা ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা-সহ ইলেক্ট্রিক্যাল সিস্টেমসের রিপেয়ার ও মেইন্টেন্যান্সের কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বিজ্ঞপ্তি নম্বর ২০১৯/০০৮: জুনিয়র ইঞ্জিনিয়ার (এয়ার কন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশন):** শূন্যপদ: ৪টি (সাধারণ ৩, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে গ্র্যাজুয়েট। এয়ার কন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশন সিস্টেমের রিপেয়ার ও মেইন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। অথবা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা-সহ এয়ার কন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশন সিস্টেমের রিপেয়ার ও মেইন্টেন্যান্সের কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বিজ্ঞপ্তি নম্বর ২০১৯/০১০: মেকানিক (এয়ার কন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশন):** শূন্যপদ: ৬টি (সাধারণ ৫, ও বি সি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে এয়ার কন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশন ট্রেডে আই টি আই বা ডিপ্লোমা সার্টিফিকেট। পাশাপাশি, এয়ার কন্ডিশনিং অ্যান্ড রেফ্রিজারেশন সিস্টেমের ইনস্টলেশন ও মেইন্টেন্যান্সের কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে এবং মেকানিক পদের ক্ষেত্রে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,২০০ টাকা। মেকানিক পদের ক্ষেত্রে ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৯০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aiimsrishikesh.edu.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৮ মার্চ। ফি বাবদ দিতে হবে জুনিয়র ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে ৩,০০০ টাকা এবং মেকানিকের ক্ষেত্রে ২,০০০ টাকা। মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


**JADAVPUR UNIVERSITY**

Kolkata - 700 032

PG Diploma Course in Society, Religion and Social Work-2019

1) Eligibility and Selection procedure graduate in any discipline on the basis of interview. 2) Course Fee Rs.10,500/-. 3) Last Date for Application 10.02.2019. 4) For details see website : www.jaduniv.edu.in



**মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং ও চাকরি**

মহিলাদের স্কুলে নিশ্চিত চাকরি পেতে, প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স ট্রেনিং কোর্সে (1 year) ভর্তি চলছে। Approved by BSS & NCVT Govt. of India. Easy Installment ও চাকরির সহায়তা। রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 98043-21839, 97326-84328


**বেলডাঙ্গা পৌরসভা**

**নিয়োগ সম্পর্কিত লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তি**

বেলডাঙ্গা পৌরসভার নিয়োগ সম্পর্কিত বিজ্ঞপ্তি নং - 2634/E-2/BM/I-7/2018/En, তাং - 12/09/2018 অনুযায়ী উপযুক্ত আবেদনকারীদের লিখিত পরীক্ষা 03/02/2019 তারিখে বেলডাঙ্গা স্থিত S.R.F কলেজে অনুষ্ঠিত হইবে। গ্রুপ A,B ও C (Driver বাদে) এর পরীক্ষা সকাল 11 টা এবং গ্রুপ D ও C (শুধুমাত্র Driver) পদের পরীক্ষা দুপুর 1.30 টায় শুরু হইবে। দুটি ক্ষেত্রে উপস্থিতির সময় যথাক্রমে সকাল 10 টা ও দুপুর 12.30 টা। Admit Card প্রত্যেকের ঠিকানায় পাঠানোর কাজ শুরু হইয়াছে। 23/01/2019 তারিখ বুধবার বেলা 12.00 ঘটিকা হইতে উপযুক্ত আবেদনকারীদের Admit Card পৌরসভার website- www.beldangamunicipality.org হইতেও Download করা যাইবে এবং অন্যান্য বিবরনের জন্য website দেখুন।

স্বাক্ষর
কার্যনির্বাহী আধিকারিক
বেলডাঙ্গা পৌরসভা

# কো-অপারেটিভ ব্যাঙ্কে গ্র্যাজুয়েট

গ্রেড থ্রি (ক্লার্ক), অ্যাসিস্ট্যান্ট গ্রেড-থ্রি, ফিল্ড সুপারভাইজর-সহ বিভিন্ন পদে ১৮ জন কর্মী নেওয়া হবে রাজ্যের বিভিন্ন কো-অপারেটিভ ব্যাঙ্কে। প্রার্থী বাছাই করবে রাজ্য কো-অপারেটিভ সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2019.

শূন্যপদের বিবরণ: **গ্রেড থ্রি (ক্লার্ক):** ১০টি। নিয়োগ হবে মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে। **অ্যাসিস্ট্যান্ট গ্রেড থ্রি:** ৪টি। নিয়োগ হবে দুর্গাপুর স্টিল পিপলস কো-অপারেটিভ ব্যাঙ্কে। **ফিল্ড সুপারভাইজর গ্রেড-থ্রি:** ২টি। শুধু পুরুষরাই আবেদন করবেন। নিয়োগ হবে বর্ধমান কো-অপারেটিভ এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কে। **সুপারভাইজর গ্রেড-থ্রি:** ১টি। নিয়োগ হবে ঝাড়গ্রাম কো-অপারেটিভ এগ্রিকালচার অ্যান্ড রুর‍্যাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কে। **অ্যাসিস্ট্যান্ট গ্রেড-ওয়ান:** ১টি। নিয়োগ হবে নদিয়া ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, সঙ্গে এম এস অফিস এবং ইন্টারনেট অপারেশন-সহ অন্তত ছয় মাস মেয়াদের কম্পিউটারের কোর্স করে থাকতে হবে। **বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.webcsc.org দরখাস্তের শেষ তারিখ ২৫ ফেব্রুয়ারি। দরখাস্তের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো, সই, বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (প্রতিটি ৫০ কেবি সাইজের মধ্যে), মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা সার্টিফিকেট (২ এম বি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (২ এম বি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে প্রসেসিং ফি বাবদ ৪০ টাকা)।

প্রার্থী বাছাই ও দরখাস্তের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


ভর্তি চলছে

**RRB/JE, Combined Tech, Non-Tech Combined**

ALP Phycho /APTI এর জন্য যোগাযোগ করুন।

পঃবঙ্গে সবচেয়ে বেশি রেলে চাকরি পাওয়া প্রতিষ্ঠানের সাথে নিজেকে যুক্ত করে ভারতীয় রেল পরিবারের এক জন হউন

তপোবন স্টাডি সেন্টার ফর টেকনিক্যাল Govt. Regd.

ভদ্রেশ্বর, জেলাঃ হুগলী আমাদের কোনও শাখা নেই

M. : 8820022385, 9681026768 (8 am-5pm)

FOR ITI, DIPLOMA & B.TECH STUDENTS : RAIL (SSE,JE, ALP,Technician),SAIL, MES, ORDNANCE, NTPC, DVC, TCL, PDCL, DRDO, BSNL, FOR MP, HS & Graduate students : RAIL (ASM, GOODS GUARDS, TC, CLERK) PSC, SSC, BANK, GRD etc.

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*আমাকে লেখক হওয়ার জন্য কেউ কখনও উৎসাহিত করেনি। অভিভাবকরা ধরে নিয়েছিলেন আমি একদিন খেতে না পেয়ে মরব। লেখকের পেশা অবলম্বন করার ঐকান্তিক ইচ্ছেটা ছিল শুধু আমার। ওই ইচ্ছেটা ছিল আমার সর্বক্ষণের স্বপ্ন।*

*— পাওলো কোয়েলহো*
*(প্রখ্যাত ব্রাজিলীয় সাহিত্যিক)*

***✓ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা সম্পূর্ণ করেছি। ডিপ্লোমায় ৭০ শতাংশ নম্বর আছে। চাকরির প্রচেষ্টা শুরু করেছি। চাকরির খবর দেবেন।***
*শ্রীকান্ত সরকার, চুঁচুড়া, হুগলি।*

☐ চাকরি আছে নানা সংস্থায়। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুত থাকুন।

***এখনই আবেদন করতে পারেন:*** কয়েকশো ইঞ্জিনিয়ার নেওয়া হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থায়। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও সিভিল শাখার ডিপ্লোমা ও ডিগ্রি ইঞ্জিনিয়াররা আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় 'স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। ২৫ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in

কয়েকশো ইঞ্জিনিয়ার নেওয়া হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন সংস্থায়। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ও সিভিল শাখার ডিপ্লোমা ও ডিগ্রি ইঞ্জিনিয়াররা আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় 'স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় সংবাদ জানানো হয়েছে।

উচ্চতা অন্তত ১৫৭ সেমি হয়ে থাকলে কোস্টগার্ডে যান্ত্রিক পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় 'কোস্টগার্ডে যান্ত্রিক' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। দরখাস্ত করবেন ২১ ফেব্রুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiancoastguard.gov.in দরখাস্তের ২ কপি প্রিন্টআউট নিয়ে নেবেন। পরীক্ষাকেন্দ্রে দরকার হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০২/২০১৯। খুঁটিনাটি তথ্য পাবেন উপরের ওয়েবসাইটে।

***পরে আবেদন করতে পারবেন:*** রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিভিন্ন সংস্থায় জুনিয়র ইঞ্জিনিয়ার পদে আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও নানা চাকরির খবর পাবেন।

***✓ বি কম পড়ছি দ্বিতীয় বর্ষে। টাইপিং জানি। কম্পিউটারের ডিপ্লোমা কোর্স করছি। চাকরির জন্যও পড়াশোনা করছি। চাকরির খবর দিলে উপকৃত হব।***
*নীলাঞ্জন বসু, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

☐ আপনি স্নাতকের কোর্স সম্পূর্ণ না হওয়া পর্যন্ত উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। টাইপিং জানা থাকায় কয়েকটি চাকরি পেতে সুবিধা হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে কিছু জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। টাইপিং ও কম্পিউটারের ব্যবহার জানলে আবেদন করা যাচ্ছে। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় 'রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র পিওন' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২১ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.raiganjuniversity.ac.in এই চাকরির বিজ্ঞপ্তি নম্বর: R-001/Advt./2019

উচ্চতা অন্তত ১৬৫ সেমি হলে এবং মিনিটে অন্তত ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকলে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীতে হেড কনস্টেবল পদে আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় 'সি আই এস এফে ৩৬৫ হেড কনস্টেবল' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। ২০ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://cisfrectt.in

***পরে আবেদন করতে পারবেন:*** কেন্দ্রীয় সরকারের চাকরির জন্য কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষায় বসতে পারবেন। আবেদন করতে পারবেন লোয়ার ডিভিশন ক্লার্ক পদে। কেন্দ্রীয় সরকারের মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। রেলে জুনিয়র ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গের সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পরীক্ষা নেয় স্কুল সার্ভিস কমিশন। রাজ্যের আদালতগুলিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদ, পুরসভায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে রেলে টিকিট এক্সামিনার পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগের সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন।

***✓ রাষ্ট্রবিজ্ঞানের স্নাতক। কম্পিউটারের ৬ মাসের সার্টিফিকেট কোর্স করেছি। চাকরির প্রয়োজন খুবই। এখনই আবেদন করা যায় এমন চাকরির খবর দেবেন।***
*দেবাঞ্জন ঘোষ, ঠাকুরপুকুর, বেহালা, কলকাতা।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্য আবেদন করতে পারবেন। তবে পছন্দ ও ক্ষমতা অনুসারে কিছু চাকরির পরীক্ষা বেছে নিয়ে সেগুলির জন্য আগাম প্রস্তুতি নিতে পারলে সুবিধা হবে।

***এখনই আবেদন করতে পারেন:*** ৮১৯জন ফেসিলিটি ম্যানেজার (গ্রেড-থ্রি) নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। যে-কোনও শাখার গ্র্যাজুয়েট হলেই এই পদের জন্য আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১৪ থেকে ২৫ ফেব্রুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R/F.Mgr./62(1)2019

৮১৯জন ফেসিলিটি ম্যানেজার (গ্রেড-থ্রি) নেবে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর। যে-কোনও শাখার গ্র্যাজুয়েট হলেই এই পদের জন্য আবেদন করা যাবে। 'কর্মক্ষেত্র'-র ২৩ জানুয়ারি সংখ্যায় এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে ১৪ থেকে ২৫ ফেব্রুয়ারির মধ্যে।

কিছু জুনিয়র অ্যাসিস্ট্যান্ট-কাম-টাইপিস্ট নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। টাইপিং জানতে হবে। জানতে হবে কম্পিউটারের ব্যবহারও। মাইক্রোসফট অফিস ও ট্যালি জানা থাকলে অগ্রাধিকার। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ১৬ জানুয়ারি সংখ্যায় 'যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ১১২' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। নির্দিষ্ট বয়ানে দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: A2/C/1/2019. প্রয়োজনীয় নথিপত্র-সহ ১৫ ফেব্রুয়ারির মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, Jadavpur University, Post Box No.: 17013, Jadavpur University Post Office, Kolkata-700 032.

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে অফিসার গ্রেডের চাকরির জন্য মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারেন। পশ্চিমবঙ্গ সরকারের অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামিং অফিসার পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদের পরীক্ষায় বসতে পারবেন। স্নাতকে প্রথম শ্রেণির নম্বর থাকলে রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার পদে আবেদন করতে পারবেন। ভালো প্রস্তুতি নিয়ে ব্যাঙ্কের ক্লার্ক বা প্রবেশনারি অফিসারের পরীক্ষাতে বসতে পারেন। সেক্ষেত্রে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের ক্লার্ক বা প্রবেশনারি অফিসার পদের যোগ্যতানির্ণায়ক পরীক্ষায় বসতে হবে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই দুই পদে আবেদনের জন্য ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষায় বসার দরকার নেই। স্টেট ব্যাঙ্ক কর্তৃপক্ষই প্রার্থী বাছাই করে থাকেন। রেলে টিকিট এক্সামিনার, গুডস গার্ড, ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস, অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার পদে আবেদন করতে পারবেন। একটু সময় নিয়ে প্রস্তুতি নেওয়ার সুযোগ থাকলে ডব্লু বি সি এস পরীক্ষায় বসার কথা ভাবতে পারেন। কম্পিউটারের ব্যবহার জানেন কিনা সে-সম্পর্কে আপনার চিঠি থেকে কিছু জানা যাচ্ছে না। অন্তত একটা সার্টিফিকেট কোর্স করে নিতে পারেন। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আছে আরও চাকরি।

## ভালো কেরিয়ারের জন্য আগাম পরিকল্পনার দরকার রয়েছে



ডঃ রঞ্জন কুমার গুপ্ত
অ্যাসিস্ট্যান্ট প্রফেসর, কমার্স ও ম্যানেজমেন্ট বিভাগ, পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়

একজন ছাত্র বা ছাত্রীর পড়াশোনার মূল বিষয়টি কী হবে সে-সম্পর্কে ভাবনাচিন্তা শুরু হয়ে যায় মাধ্যমিক স্তরেই। এই পর্যায়ে অভিভাবকরাই অনেকটা ভাবেন। অভিভাবকরা নিশ্চয়ই ভাববেন, কিন্তু তাঁদের ভাবনাটা সন্তানের ভাবনার ওপর চাপিয়ে দেওয়াটা ঠিক নয়। ছাত্র বা ছাত্রীটির ঝোঁক এবং তার মতামতকেও যথেষ্ট গুরুত্ব দিতে হবে। শিক্ষকদের পর্যবেক্ষণ এবং তাঁদের মতামতও এক্ষেত্রে গুরুত্বপূর্ণ। উচ্চমাধ্যমিকস্তরে উচ্চশিক্ষার বুনিয়াদটা গঠিত হবে। সায়েন্স, কমার্স, আর্টস শাখার পড়াশোনার গোড়াপত্তন ঘটে এই উচ্চমাধ্যমিক স্তরেই। ফলে পড়াশোনার ধারা নির্বাচনে ভ্রান্তি থেকে গেলে পরবর্তীকালে সমস্যায় পড়তে হয়।

উচ্চমাধ্যমিক পড়তে পড়তেই ঠিক করে নিতে হয়, কলেজের পড়াশোনার বিষয় কী হবে। পেশাদারি বিভিন্ন বিষয় নিয়েও পড়াশোনার সুযোগ আছে উচ্চমাধ্যমিকের পরে। হোটেল ম্যানেজমেন্ট, হসপিটাল ম্যানেজমেন্ট, হসপিটালিটি ম্যানেজমেন্ট, ডিজাইনিং, নার্সিং, মেডিক্যাল টেকনোলজি, রিটেল মার্কেটিং প্রভৃতির মতো বিভিন্ন পেশাদারি কোর্স পড়া যায় উচ্চমাধ্যমিকের পরেই। যাঁরা ডাক্তারি বা ইঞ্জিনিয়ারিং পড়বেন তাঁদের তো উচ্চমাধ্যমিকের পড়াশোনার সঙ্গেই প্রবেশিকা পরীক্ষার জন্য প্রস্তুতি নিতে হয়। উচ্চমাধ্যমিকের পরেই চার্টার্ড অ্যাকাউন্টেন্সি বা কোম্পানি সেক্রেটারিশিপের মতো পেশাদারি পড়াশোনা শুরু করে দেওয়া যায়। তবে গ্র্যাজুয়েশন সম্পূর্ণ হলে তবেই এই তিন পেশাদারি যোগ্যতা মান্যতা পায়। উচ্চমাধ্যমিকের পরে ক্ল্যাট পরীক্ষা দিয়ে আইন পড়া যেতে পারে।

গ্র্যাজুয়েশনের পরেও নানা পেশাদারি কোর্স করার সুযোগ আছে। বিভিন্ন স্পেশালাইজেশন নিয়ে ম্যানেজমেন্ট পড়া যায়। তবে ক্যাট বা ম্যাটের মতো প্রবেশিকা পরীক্ষার স্কোর থাকতে হবে। এখন তুলনামূলকভাবে নতুন নানা বিষয় নিয়ে ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি-ডিপ্লোমা পড়া যাচ্ছে। এগ্রি-বিজনেস, সাপ্লাই চেন, ট্রান্সপোর্ট, ট্যুরিজম, এনার্জি, মিডিয়া, হেল্‌থ কেয়ার, রিটেল, ইনফর্মেশন, সিকিউরিটি, অ্যাসেট অ্যান্ড ওয়েলথ, স্ট্র্যাটেজিক অপারেশন, কনসাল্টেশন, স্ট্র্যাটেজিক হিউম্যান রিসোর্সেস প্রভৃতি বিষয়ে স্পেশালাইজেশন করার সুযোগ রয়েছে ম্যানেজমেন্টের কোর্সে।

জার্নালিজম, পাবলিক রিলেশনস, অ্যাডভার্টাইজমেন্ট, ইভেন্ট ম্যানেজমেন্ট, অ্যানিমেশন, গ্রাফিক ডিজাইন, অনলাইন মার্কেটিং প্রভৃতির পেশাদারদের ভালো চাহিদা রয়েছে চাকরির বাজারে। কমার্সের গ্র্যাজুয়েটেরা ব্যাঙ্কিং ও ফিনান্সের কোর্স করতে পারেন। রয়েছে ফিনান্সিয়াল মডেলিং, সার্টিফায়েড ফিনান্সিয়াল প্ল্যানারের মতো নতুন কোর্সও। আগ্রহ থাকলে বিজ্ঞান শাখার গ্র্যাজুয়েটেরা জিও ইনফর্মেটিক্স, রিমোট সেন্সিং, ক্লিনিক্যাল রিসার্চ, বায়ো-ইনফর্মেটিক্স প্রভৃতির মতো কোর্স করতে পারেন। অঙ্কে ভালো হলে এখন বিজনেস অ্যানালিটিক্স ডেটা ভিশ্যুয়ালাইজেশনের মতো কোর্স করা যাচ্ছে।

আসলে কাজের জগতের উপযোগী করে গড়ে নিতে হবে নিজেকে। সংখ্যার বিচারে সরকারি চাকরি কম বলে তো আর নিজেকে গুটিয়ে রাখলে চলবে না। সরকারি চাকরির বাইরেও একটা বিরাট কাজের জগৎ আছে। সেই জগৎটায় পা রাখার জন্য নিজেকে আগে থেকে প্রস্তুত করে নেওয়ার প্রয়োজন রয়েছে। এজন্য দরকার হবে আগাম পরিকল্পনা। সেটা যত তাড়াতাড়ি শুরু হয় তত ভালো।

### কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

- ✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
- ✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
- ✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

# বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন বিষয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স



ওয়াইল্ড লাইফ ম্যানেজমেন্ট, স্পোর্টস ম্যানেজমেন্ট, ইংরেজি, সাঁওতালি-সহ বিভিন্ন বিষয়ের ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর কন্টিনিউয়িং অ্যান্ড অ্যাডাল্ট এডুকেশন।

**কোর্সের বিবরণ: সার্টিফিকেট ইন প্র্যাক্টিক্যাল লাইব্রেরিয়ানশিপ:** আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক, সঙ্গে লাইব্রেরি সায়েন্সে সার্টিফিকেট বা ডিগ্রি কোর্স করে থাকতে হবে। কোর্সের মেয়াদ তিন মাস। কোর্স ফি: ৩,৫০০ টাকা। কোর্স শুরু হবে ফেব্রুয়ারিতে।

**সার্টিফিকেট ইন স্পোর্টস ম্যানেজমেন্ট:** আসনসংখ্যা: ৪০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ৫০ বছরের মধ্যে হতে হবে। কোর্সের মেয়াদ এক মাস। কোর্স ফি: ৫,০০০ টাকা। কোর্স শুরু হবে জুনে।

**সার্টিফিকেট ইন ওয়াইল্ড লাইফ ম্যানেজমেন্ট:** আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। কোর্সের মেয়াদ ৭ দিন। কোর্স ফি: ২,৮০০ টাকা। কোর্স শুরু হবে ফেব্রুয়ারিতে।

**সার্টিফিকেট ইন ইংলিশ ফর অল:** আসনসংখ্যা: ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। কোর্সের মেয়াদ তিন মাস। কোর্স ফি: ৩,০০০ টাকা। কোর্স শুরু হবে জুলাইয়ে।

**ডিপ্লোমা ইন সাঁওতালি:** আসনসংখ্যা: ৬০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্স ফি: ৩,৫০০ টাকা। কোর্স শুরু হবে জুলাইয়ে।

আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.vidyasagar.ac.in অথবা ফর্ম সংগ্রহ করতে পারেন সেন্টার অব কন্টিনিউয়িং অ্যান্ড অ্যাডাল্ট এডুকেশনের অফিস থেকেও। ফি বাবদ নগদে বা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ২০০ টাকা। ড্রাফটটি "CCAE, Vidyasagar University"-এর অনুকূলে মেদিনীপুরে প্রদেয় হতে হবে। এ ছাড়া এন ই এফ টি পদ্ধতিতেও ফি জমা দেওয়া যাবে এই অ্যাকাউন্ট নম্বরে: SB A/C No- 17480110077832 (CCAE, IFSC: UCBA0001748, UCO Bank, Vidyasagar University Branch, Midnapore).

পূরণ করা আবেদনপত্র ১৫ ফেব্রুয়ারির মধ্যে যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে দুপুর ২টোর মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: The Office of the Centre for Continuing and Adult Education, DDE Building, Vidyasagar University, Pin-721 102. খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। কোর্সে ভর্তি-সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০৩২২২) ২৯৭৯২৯, ৮৩৭৩০-৬৩৯০৮।

# দূরশিক্ষায় উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স



দূরশিক্ষা ব্যবস্থায় বিভিন্ন বিষয়ের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের ডিসট্যান্স এডুকেশন ডিরেক্টোরেট। এই কোর্সের বিজ্ঞপ্তি নম্বর: 227/R-2019.

স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পড়ানো হবে এই সব বিষয়ে: ইংরেজি, বাংলা, নেপালি, ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান এবং অঙ্ক। **শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বিষয়ে অনার্স-সহ বি এ বা বি এসসি অথবা জেনারেল বা পাস কোর্সে বি এ বা বি এসসি পাশ অথবা ২ বছরের বি এ ডিগ্রি কোর্স পাশ, সঙ্গে ১ বছরের ব্রিজ কোর্স করে থাকতে হবে। কোর্স ফি ৭,৫০০ টাকা (বি পি এল বা অন্ত্যোদয় কার্ডধারীদের ক্ষেত্রে ৪,৩০০ টাকা)।

স্নাতক কোর্স পড়ানো হবে এই সব বিষয়ে: বি এ (জেনারেল) এবং বি কম (জেনারেল)। **শিক্ষাগত যোগ্যতা:** বি এ কোর্সের ক্ষেত্রে স্বীকৃত বোর্ড থেকে যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক পাশ। বি কম কোর্সের ক্ষেত্রে স্বীকৃত বোর্ড থেকে কমার্স বা সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ। উভয় ক্ষেত্রেই ভোকেশনাল শাখায় উচ্চমাধ্যমিক পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। কোর্স ফি ৬,৫৫০ টাকা (বি পি এল বা অন্ত্যোদয় কার্ডধারীদের ক্ষেত্রে ৩,৯৫০ টাকা)।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ddenbu.in আবেদনের শেষ তারিখ ৪ ফেব্রুয়ারি। লেট ফি দিয়ে আবেদন করা যাবে ১৬ ফেব্রুয়ারি পর্যন্ত। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.nbu.ac.in

# নিখরচায় ২০০ বেকার তফসিলি তরুণ-তরুণীকে প্লাস্টিক শিল্পে ব্যবহৃত মেশিন অপারেটিংয়ের প্রশিক্ষণ

নিখরচায় প্লাস্টিক শিল্পে ব্যবহৃত আধুনিক মেশিন পরিচালনার প্রশিক্ষণ দেবে হলদিয়ার সেন্ট্রাল ইনস্টিটিউট অব প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি (সিপেট)-র সেন্টার ফর স্কিলিং অ্যান্ড টেকনিক্যাল সাপোর্ট। ওয়েস্ট বেঙ্গল শিডিউলড কাস্টস, শিডিউলড ট্রাইবস অ্যান্ড আদার ব্যাকওয়ার্ড ক্লাসেস ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশনের সঙ্গে যৌথ উদ্যোগে রাজ্যের বেকার তফসিলি জাতিভুক্ত তরুণ-তরুণীকে এই প্রশিক্ষণ দেওয়া হবে। কোর্সের মেয়াদ ৬ মাস। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৭ ও ৮ ফেব্রুয়ারি, হলদিয়ায় (সকাল ১০টা)।

কোর্সের বিবরণ: মেশিন অপারেটর-ইনজেকশন মোল্ডিং (এম ও-আই এম): আসনসংখ্যা: ৫০টি। **মেশিন অপারেটর-এক্সট্রুশন প্রোসেস (এম ও-ই পি):** আসনসংখ্যা: ৫০টি। **মেশিন অপারেটর-প্লাস্টিক প্রসেসিং (এম ও-পি পি):** আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম ক্লাস এইট পাশ। **মেশিন অপারেটর-ব্লো মোল্ডিং (এম ও-বি এম):** আসনসংখ্যা: ৫০টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা আই টি আই বা ডিপ্লোমা কোর্স পাশ।

বয়স: ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় শহরাঞ্চলের ক্ষেত্রে ১,২০,০০০ টাকা এবং গ্রামাঞ্চলের ক্ষেত্রে ৯৮,০০০ টাকার মধ্যে হতে হবে। এগুলি আবাসিক কোর্স। কোনও কোর্স ফি নেই।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। একটি সাদা এ-ফোর মাপের কাগজে প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি টাইপ করিয়ে নেবেন।

## পূরণ করা আবেদনপত্রের সঙ্গে দেবেন

- ✓প্রার্থীর রঙিন পাসপোর্ট মাপের ৫ কপি ফটো।
- ✓শিক্ষাগত যোগ্যতার যাবতীয় সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓বয়সের প্রমাণপত্র হিসেবে বার্থ সার্টিফিকেট বা মাধ্যমিকের অ্যাডমিট কার্ডের প্রত্যয়িত নকল।
- ✓পরিবারের বার্ষিক আয়ের প্রমাণপত্রের প্রত্যয়িত নকল।
- ✓কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত নকল।
- ✓আধার কার্ডের প্রত্যয়িত নকল।
- ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেব ভোটার কার্ড বা প্যান কার্ড বা ড্রাইভিং লাইসেন্সের প্রত্যয়িত নকল।
- ✓অন্যান্য প্রয়োজনীয় নথিপত্রের নকল।



প্রয়োজনীয় আসল নথিপত্র এবং নথিপত্রের প্রত্যয়িত নকল-সহ নির্দিষ্ট দিনে নির্ধারিত সময়ে পৌঁছতে হবে এই ঠিকানায়: Central Institute of Plastics Engineering & Technology (CIPET), City Centre, P.O.-Debhog, Haldia, Dist-Purbamedinipur (WB), Pin-721 657.

খুঁটিনাটি তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলির যে কোনও একটিতে: ৯৪৩৪০৩৯৪৬৬/৮০০৫৫৮৬৪৪/৯৮৩৬১২৭০১৬ (সকাল ৯টা থেকে বিকেল ৫টার মধ্যে)। ওয়েবসাইট: www.cipet.gov.in ই-মেল: cipet.haldia.stc@gmail.com

## স্কলারশিপের খোঁজখবর

### অক্ষয় পাত্র ড্রিম প্রোজেক্ট ফেলোশিপ প্রোগ্রাম ২০১৯

ম্যানেজমেন্ট বিষয়ে প্রশিক্ষণ দিচ্ছে অক্ষয় পাত্র ফাউন্ডেশন। প্রশিক্ষণের মেয়াদ আট মাস। প্রশিক্ষণের জন্য নির্বাচিত প্রার্থীদের ফেলোশিপ বাবদ দেওয়া হবে প্রতি মাসে ১০,০০০ টাকা।

**আবেদনের যোগ্যতা:** অন্তত স্নাতক হতে হবে। এম বি এ ডিগ্রি-সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১ থেকে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স হতে হবে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in karma/APD1 আবেদনের শেষ তারিখ ১ ফেব্রুয়ারি।

### দ্য জে এন টাটা এনডাওমেন্ট লোন স্কলারশিপ

২০১৯-২০ শিক্ষাবর্ষে বিদেশের কোনও বিশ্ববিদ্যালয়ে ঋণ নিয়ে পোস্ট-গ্র্যাজুয়েশন বা পি এইচ ডি বা পোস্ট-ডক্টরাল করতে ইচ্ছুক স্নাতক ছাত্রছাত্রীদের এককালীন স্কলারশিপ দিচ্ছে টাটা গ্রুপ। স্কলারশিপের পরিমাণ ১ লাখ থেকে সর্বাধিক ১০ লাখ টাকা।

**আবেদনের যোগ্যতা:** যে-কোনও বিষয়ে স্নাতক। শেষ দেওয়া পরীক্ষায় প্রার্থীকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি জি আর ই বা জি-ম্যাট বা টোয়েফেল বা আই ই এল টি এস পরীক্ষায় ভাল স্কোর করে থাকতে হবে। ফাইনাল ইয়ারের প্রার্থীরা আবেদনের যোগ্য। শিক্ষাক্ষেত্রে ধারাবাহিকভাবে ভাল ফল করে থাকলে, সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ বা কাজের অভিজ্ঞতা থাকলে এবং ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে কর্মরতরাও আবেদন করতে পারেন।

আবেদনের সময় বিদেশের বিশ্ববিদ্যালয়ে ভর্তি না হয়ে থাকলে বা অফার লেটার না পেয়ে থাকলেও আবেদন করা যাবে।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১৪ এপ্রিল।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/JNT5 আবেদনের শেষ তারিখ ১১ মার্চ।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### কলেজ বোর্ড ইন্ডিয়া স্কলারস প্রোগ্রাম

২০১৯-এর মার্চে স্কলাসটিক অ্যাসেসমেন্ট টেস্ট (স্যাট) পরীক্ষা দিতে আগ্রহী আর্থিকভাবে পিছিয়ে পড়া উচ্চমাধ্যমিক উত্তীর্ণ ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে কলেজ বোর্ড অব ইন্ডিয়া। প্রার্থীর বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখের নীচে।

**আবেদনের যোগ্যতা:** উচ্চমাধ্যমিক।

বার্ষিক পারিবারিক আয় ৬ লাখের নীচে হলে পরীক্ষার ফি বহন করবে কলেজ বোর্ড অব ইন্ডিয়া। এ ছাড়া বার্ষিক পারিবারিক আয় ৪ লাখের নীচে হলে এবং স্যাট পরীক্ষায় ভাল স্কোর করে থাকলে বিশ্ববিদ্যালয়ে পড়ার সব খরচ বহন করবে কলেজ বোর্ড অব ইন্ডিয়া।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/Karma/CBI1 আবেদনের শেষ তারিখ ৮ ফেব্রুয়ারি।

*(তথ্য সহায়তা: buddy4study)*

## এক নজরে

### রিষড়া পুরসভায় চাকরি

পাম্প অপারেটর, ক্লার্ক, সহকারী শিক্ষক-সহ বিভিন্ন পদে ৭৩ জনকে নেবে রিষড়া পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2738/VI.

শূন্যপদের বিন্যাস: পাম্প অপারেটর: ১৬টি, সহকারী শিক্ষক: ৪টি, ক্লার্ক: ৩টি, ড্রাইভার: ৪টি, মজদুর: ৩৮টি, পাইপ লাইন ইনস্পেক্টর: ১টি, স্টোর কিপার: ১টি, কম্পিউটার অ্যাসিস্ট্যান্ট: ১টি, সহকারী মিস্ত্রি: ১টি, মিস্ত্রি: ১টি, সার্ভেয়র: ১টি, ইলেক্ট্রিক মিস্ত্রি: ১টি, দারোয়ান: ১টি।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্ত ১৫ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিস্তারিত তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rishramunicipality.org

### রাজ্যের বিভিন্ন সংশোধনাগারে ডেটা এন্ট্রি অপারেটর

দমদম, দুর্গাপুর, তেহট্ট, লালগোলা এবং রায়গঞ্জের কারেকশনাল হোমে ৬ জন ডেটা এন্ট্রি অপারেটর নেবে রাজ্য সরকার। প্রাথমিকভাবে এক বছরের চুক্তিতে নিয়োগ হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতক, সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনের সার্টিফিকেট কোর্স পাশ। এর পাশাপাশি কম্পিউটারে প্রতি ঘণ্টায় ৬০০০ কী ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। **বয়স:** ১-৩-২০১৯ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** প্রতি মাসে ১১,০০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wb.gov.in প্রয়োজনীয় নথিপত্র-সহ দরখাস্ত ১২ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### মুর্শিদাবাদে স্বাস্থ্যকর্মী

ল্যাব টেকনিশিয়ান, মেডিক্যাল অফিসার, সিনিয়র মেডিক্যাল অফিসার এবং কাউন্সেলর পদে ১৯ জনকে নেবে মুর্শিদাবাদ জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ হবে ১ বছরের চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর DH&FWS/NHM/514. দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.murshidabad.gov.in দরখাস্ত ৮ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### উত্তর দিনাজপুরের সরকারি হোমে চাকরি

অফিসার-ইন-চার্জ, কাউন্সেলর, চাইল্ড ওয়েলফেয়ার অফিসার, হাউস ফাদার, কুক, হেল্পার এবং হাউস কিপার পদে কিছু কর্মী নেবে উত্তর দিনাজপুরের ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অফিস। চুক্তিতে নিয়োগ হবে কর্ণজোড়ার সূর্যোদয় চিলড্রেন হোম ফর ডেফ অ্যান্ড ডাম্ব বয়েজ অ্যান্ড গার্লসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 93/DSW (UD).

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.uttardinajpur.gov.in দরখাস্ত ২০ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিস্তারিত তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### পশ্চিম মেদিনীপুরের সরকারি হোমে চাকরি

ম্যানেজার/কো-অর্ডিনেটর, ডাক্তার, নার্স, সোশ্যাল ওয়ার্কার-কাম-আর্লি চাইল্ডহুড এডুকেটর, আয়া ও চৌকিদার পদে ১১ জনকে নেবে পশ্চিম মেদিনীপুরের ডিস্ট্রিক্ট চাইল্ড প্রোটেকশন ইউনিট। চুক্তিতে নিয়োগ হবে সরকারি হোমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 32/DCPU/SW.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.paschimmedinipur.gov.in দরখাস্ত ১১ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

# জীবিকাজিজ্ঞাসা

## এস এস সি

□ *স্টাফ সিলেকশন কমিশনের 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন' পরীক্ষায় কোন কোন বিষয়ে কত নম্বরের প্রশ্ন হয়? —শিশির নস্কর, আরামবাগ, হুগলি।*

□□ স্টাফ সিলেকশন কমিশনের 'কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এক্সামিনেশন, ২০১৭' চারটি পর্যায়ে হবে— কম্পিউটার-বেসড এক্সামিনেশন (টিয়ার-১), কম্পিউটার-বেসড এক্সামিনেশন (টিয়ার-২), ডেস্ক্রিপ্টিভ প্রশ্নোত্তর (টিয়ার-৩) এবং কম্পিউটার প্রফিশিয়েন্সি টেস্ট/ স্কিল টেস্ট (টিয়ার-৪)। কম্পিউটার-বেসড এক্সামিনেশন (টিয়ার-১)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল অ্যাওয়্যারনেস, কোয়ান্টি-টেটিভ অ্যাপ্টিটিউড, ইংলিশ কম্প্রিহেনশন। মোট ২০০ নম্বরের পরীক্ষা। সময় ১ ঘণ্টা। কম্পিউটার-বেসড এক্সামিনেশন (টিয়ার-২)-এ অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: কোয়ান্টিটেটিভ এবিলিটি, ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন। জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের ক্ষেত্রে সেইসঙ্গে স্ট্যাটিস্টিক্স এবং অ্যাসিস্ট্যান্ট অডিট অফিসার ও অ্যাসিস্ট্যান্ট অ্যাকাউন্টস অফিসারের ক্ষেত্রে অতিরিক্ত ফিনান্স ও ইকনমিক্স। প্রতিটি পেপারে নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। টিয়ার-৩-এ থাকবে ইংরেজিতে এসে রাইটিং, প্রেসি রাইটিং, লেটার রাইটিং, অ্যাপ্লিকেশন রাইটিং ইত্যাদি। মোট নম্বর ১০০। সময় ১ ঘণ্টা। এ ছাড়া ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট (সেন্ট্রাল এক্সাইজ অ্যান্ড ইনকাম ট্যাক্স) পদের ক্ষেত্রে ডেটা এন্ট্রি স্পিড টেস্ট হবে। ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। ইনস্পেক্টর (সেন্ট্রাল এক্সাইজ, এক্সামিনার, প্রিভেন্টিভ অফিসার) এবং সেন্ট্রাল ব্যুরো অব নার্কোটিক্সের ইনস্পেক্টর ও সাব-ইনস্পেক্টর পদের ক্ষেত্রে দৈহিক সক্ষমতার পরীক্ষা হবে। থাকবে ১৫ মিনিটে ১,৬০০ মিটার হাঁটা, ৩০ মিনিটে ৮ কিলোমিটার সাইক্লিং। ওয়েবসাইট: www.ssc.nic.in

## পি এস সি

□ *পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত সিভিল সার্ভিস প্রিলিমিনারি এক্সামিনেশন, ২০১৯ কবে হবে? —সত্যরূপ নন্দী, পাঁচপাড়া, হাওড়া।*

□□ পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন দ্বারা পরিচালিত ২০১৯-এর ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষা হবে ৯ ফেব্রুয়ারি (শনিবার), দুপুর ১২টা থেকে আড়াইটে পর্যন্ত। পরীক্ষার ই-অ্যাডমিট কার্ড এনরোলমেন্ট নম্বর বা প্রার্থীর নাম এবং জন্মতারিখের সাহায্যে ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.pscwbapplication.in

## কোর্স, ট্রেনিং

□ *ই-অ্যাকাউন্টিং ও ট্যাক্সেশনের কোর্স করতে চাই। এখনই কি কোথাও ভর্তি হওয়া যাচ্ছে? —জয়ন্ত পোদ্দার, বারাসাত।*

□□ নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় এবং এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের (ই ডি আই) যৌথ উদ্যোগে ই-অ্যাকাউন্টিং ও ট্যাক্সেশনের ৬ মাস মেয়াদের সার্টিফিকেট কোর্স করা যাচ্ছে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক কোর্সে পাঠরতরা আবেদনের যোগ্য। উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্নরাও আবেদনের যোগ্য। বয়সের কোনও বিধিনিষেধ নেই। কোর্স ফি ৫,৪০০ টাকা। ভর্তির জন্য যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়: এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট, আই বি-১৯৪ (কলম্বিয়া-এশিয়া হসপিটালের পাশে), সেক্টর-থ্রি, সল্টলেক, কলকাতা-৭০০ ১০৬। ভর্তি হওয়া যাবে ৩১ জানুয়ারি পর্যন্ত। ফোন: ২৩৩৬-৭৬৮১, ২৩৩৫-৭২৫৮।

□ *পুনের বৈকুণ্ঠ মেহতা ন্যাশনাল ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্টে এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —দেবাঞ্জন মান্না, বারুইপুর।*

□□ এগ্রি বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে পুনের বৈকুণ্ঠ মেহতা ন্যাশনাল ইনস্টিটিউট অব কো-অপারেটিভ ম্যানেজমেন্ট। কোর্সটি অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিক্যাল এডুকেশন কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ ২ বছর। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট (ম্যাট) বা সি-ম্যাট বা বা এইমস টেস্ট ফর ম্যানেজমেন্ট অ্যাডমিশন (এ টি এম এ) বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্ট— যে-কোনও একটি জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় বৈধ স্কোর করে থাকতে হবে। প্রাথমিকভাবে প্রার্থীদের বাছাই করা হবে জাতীয় স্তরের প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। নির্বাচিতদের গ্রুপ ডিসকাশন এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। আবেদন করা যাবে অফলাইন-অনলাইন উভয়ব্যবস্থাতেই। অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.vamnicom.gov.in অফলাইনের ক্ষেত্রে ফর্ম ডাউনলোড করে নিতে পারেন ওয়েবসাইট থেকেই। অনলাইনে সাবমিট করা আবেদনপত্রের প্রিন্ট আউট অথবা হাতে লিখে পূরণ করা আবেদনপত্রটি পাঠাতে হবে নির্দিষ্ট ঠিকানায়। ফি বাবদ ৫০০ টাকা। অনলাইনে আবেদনপত্র পূরণ করলে ফি দিতে হবে অনলাইনেই। অফলাইনের ক্ষেত্রে ফি দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি 'The Director, VAMNICOM, Pune'-এর অনুকূলে প্রদেয় হতে হবে। পূরণ করা আবেদনপত্র বা তার প্রিন্ট আউট পৌঁছানোর শেষ তারিখ ৩১ মার্চ।

## অন্যান্য চাকরি

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —প্লাবন মিত্র, কাটোয়া, পূর্ব বর্ধমান।*

□□ যাদবপুর বিশ্ববিদ্যালয়ে টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ইঞ্জিনিয়ারিংয়ে বি এসসি বা ডিপ্লোমা। সায়েন্টিফিক ল্যাবরেটরি ইক্যুইপমেন্ট, মেশিন, কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল ইক্যুইপমেন্ট, সফটওয়্যার বা ডিজিটাল সার্কিট, ইলেক্ট্রনিক ইক্যুইপমেন্ট, স্ট্রাকচারাল বা কংক্রিট বা সয়েল মেকানিক ল্যাবরেটরি ইক্যুইপমেন্ট ব্যবহার করে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.jaduniv.edu.in ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। দরখাস্ত ১৫ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Registrar, Jadavpur University, Post Box No. 17013, Jadavpur University Post Office, Kolkata-700 032.

□ *১০ + ২ এন্ট্রিতে জেনারেল ডিউটি ক্যাটেগরিতে কোস্ট গার্ডে নাবিক পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকতে হবে? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —অরিত্র ব্যানার্জি, শ্রীরামপুর, হুগলি।*

□□ ১০+২ এন্ট্রিতে জেনারেল ডিউটি ক্যাটেগরিতে কোস্ট গার্ডে নাবিক পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স ও অঙ্ক দু'টি বিষয় হিসেবে নিয়ে উচ্চমাধ্যমিক বা সমতুল। পরীক্ষায় মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকা চাই। এর পাশাপাশি, উচ্চতা হতে হবে অন্তত ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। এ ছাড়া বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই। দৃষ্টিশক্তি থাকা চাই ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯ হতে হবে। চশমা ব্যবহারকারীরা আবেদন করবেন না। মেধার ভিত্তিতে প্রাথমিকভাবে বাছাই প্রার্থীদের তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা ও মেডিক্যাল এক্সামিনেশনের জন্য ডাকা হবে। লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। পরীক্ষায় থাকবে উচ্চমাধ্যমিক স্তরের অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি ও ইংরেজি। এছাড়াও থাকবে জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড ও রিজনিং। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট আপ (ওঠবস) এবং ১০টি পুশ আপ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.joinindiancoastguard.gov.in

□ *এ বছরের গেট পরীক্ষার মাধ্যমে ইস্পাত নিগমে মেকানিক্যাল শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —দীননাথ গড়াই, অনুপনগর, মুর্শিদাবাদ।*

□□ রাষ্ট্রীয় ইস্পাত নিগমে মেকানিক্যাল শাখায় ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ মেকানিক্যাল বা সমতুল শাখায় বি ই বা বি টেক। সেই সঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় সংশ্লিষ্ট পত্রে (গেট কোড এম ই) উত্তীর্ণ হয়ে থাকতে হবে। মেকানিক্যাল ছাড়া মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, মেকট্রনিক্স, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন টেকনোলজি ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং প্রসেস অ্যান্ড অটোমেশন, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং এবং পাওয়ার ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রিও গ্রাহ্য হবে। ফাইনাল ইয়ারের পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। সে ক্ষেত্রে ফাইনাল মার্কশিট অগস্ট মাসের মধ্যে দাখিল করতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.vizagsteel.com

□ *কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীতে হেড কনস্টেবল পদে দরখাস্ত করতে চাই। এ ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? —কেয়া বাগচি, কৃষ্ণনগর, নদিয়া।*

□□ কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনীতে হেড কনস্টেবল পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩৫টি শব্দ অথবা হিন্দিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৫৫ সেমি। বয়স ও উচ্চতার সঙ্গে মানানসই ওজন হতে হবে। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া ন্যূনতম কাছের ক্ষেত্রে ভালো চোখে এন-৬, খারাপ চোখে এন-৯, ন্যূনতম দূরের ক্ষেত্রে ভালো চোখে ৬/৬, খারাপ চোখে ৬/৯। রং চেনার ক্ষমতা সি পি-থ্রি মানের হতে হবে। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: https://cisfrectt.in

□ *নবোদয় বিদ্যালয়ে ইনফর্মেশন অ্যান্ড টেকনোলজি বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? —মলয় রাহা, ন্যাজাট, উত্তর ২৪ পরগনা।*

□□ নবোদয় বিদ্যালয় সমিতিতে ইনফর্মেশন অ্যান্ড টেকনোলজি বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েট টিচার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার সায়েন্স বা আই টি বিষয়ে বি ই বা বি টেক ডিগ্রি থাকতে হবে। অথবা যে-কোনও শাখায় বি ই বা বি টেক, সঙ্গে কম্পিউটার সায়েন্সে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা করে থাকতে হবে। এ ছাড়া কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি থাকলেও আবেদনের যোগ্য। অথবা যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি-সহ কম্পিউটার সায়েন্স বা আই টি-তে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা বা ডোয়েক 'বি' লেভেল পাশ করে থাকলেও আবেদন করতে পারেন। অথবা যে-কোনও বিষয়ে স্নাতক ডিগ্রি-সহ ডোয়েক 'সি' লেভেল পাশ করে থাকতে হবে। বি এড ডিগ্রি থাকলে অগ্রাধিকার। ইংরেজি এবং হিন্দি মাধ্যমে পড়ানোয় দক্ষ হতে হবে। টি জি টি হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে কিংবা কোনও রেসিডেন্সিয়াল স্কুলে পড়ানোর অভিজ্ঞতা থাকলে এবং কম্পিউটার অ্যাপ্লিকেশন বিষয়ে জ্ঞান থাকলে অগ্রাধিকার। খুঁটিনাটি তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.navodaya.gov.in

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

## চাই সুবিচার

আপনি কি চাকরির পরীক্ষা দিচ্ছেন? কোনও পেশাদারি কোর্স করছেন? নিজের উদ্যোগে ছোটখাটো কোনও ব্যবসা করছেন? কোনও অবিচারের সম্মুখীন হলে বা দুর্ভোগের শিকার হলে এই বিভাগে চিঠি লিখুন। উপযুক্ত তথ্য-প্রমাণ সহ সংক্ষেপে লিখবেন। আপনার চিঠি প্রকাশ করা হবে 'চাই সুবিচার' বিভাগে। চিঠিতে নিজের পুরো নাম-ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: চাই সুবিচার, 'কর্মক্ষেত্র', ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-৭০০০১৯ ই-মেল পাঠাতে পারেন এই ঠিকানায়: karmakshetra@swarnakshar.in পাঠাতে পারেন ফেসবুকেও। এই ঠিকানায়: www.facebook.com/karmakshetra

## প্রত্যন্ত গ্রামের বেকার প্রার্থীদের কথা ভেবে অনলাইন দরখাস্তের বিকল্প ভাবা হোক

আমি পশ্চিমবঙ্গের একটি প্রত্যন্ত গ্রামে থাকি। এই অঞ্চলে কোনও তথ্যমিত্র কেন্দ্র কিংবা ইন্টারনেট কাফে তো দূর স্থান, মোবাইলের টাওয়ারই ভালো করে পাওয়া যায় না। অথচ বর্তমানে প্রায় সব চাকরির পরীক্ষাতেই অনলাইনে আবেদন প্রক্রিয়া চালু হয়েছে। ফর্ম পূরণ থেকে শুরু করে, অ্যাডমিট কার্ড ডাউনলোড, পরীক্ষার ফলাফল জানা— সবই অনলাইনে হচ্ছে। নৌকা করে আধঘণ্টা নদী পেরিয়ে, তার পর সাইকেলে ৮ কিলোমিটার গিয়ে কোনও সাইবার কাফেতে অনলাইনে ফর্ম পূরণ করতে বসেও অনেক সময় ব্যর্থ হতে হয়। দুর্বল নেট ব্যবস্থা অথবা সার্ভার ডাউন থাকা কিংবা কাফের লোকটির ইন্টারনেট ব্যবস্থা সম্পর্কেই সম্পূর্ণ অজ্ঞতা— এই ধরনের নানা অসুবিধার সামনে প্রায়শই পড়তে হয় আমাদের। এখন আবার অ্যাডমিট কার্ডও ওয়েবসাইট থেকেই ডাউনলোড করে নিতে হয়। অথচ অনেক সময়ই ডাউনলোডের লিঙ্ক ঠিকমতো কাজ করে না। এই ধরনের এলাকায় যেখানে ইন্টারনেট কাফে পর্যন্ত যেতেই এক ঘণ্টা সময় লাগে, সেখানে ওয়েবসাইটে ধারাবাহিক 'নজর' রাখা কীভাবে সম্ভব? তাই অসহায় গ্রাম্য শিক্ষিত বেকারদের প্রতিনিধি হিসেবে আমার অনুরোধ— অনলাইন ব্যবস্থার পাশাপাশি হাতে লিখে ফর্ম পূরণ ও ডাক মারফত দরখাস্ত জমা দেওয়ার প্রক্রিয়াটি চালু থাক।

**বিশ্বজিৎ দাস**, উত্তর ২৪ পরগনা।

> নৌকা করে আধঘণ্টা নদী পেরিয়ে, তার পর সাইকেলে ৮ কিলোমিটার গিয়ে কোনও সাইবার কাফেতে অনলাইনে ফর্ম পূরণ করতে বসেও অনেক সময় ব্যর্থ হতে হয়। দুর্বল নেট ব্যবস্থা অথবা সার্ভার ডাউন থাকা কিংবা কাফের লোকটির ইন্টারনেট ব্যবস্থা সম্পর্কেই সম্পূর্ণ অজ্ঞতা— এই ধরনের নানা অসুবিধার সামনে প্রায়শই পড়তে হয় আমাদের।

## অন্তত অষ্টম শ্রেণি পর্যন্ত হিন্দি ভাষা বাধ্যতামূলক হোক

গত ৯ জানুয়ারি 'চাই সুবিচার' বিভাগে পবিত্র বিশ্বাসের প্রকাশিত 'হিন্দি ভাষায় দক্ষ না হওয়ায় কেন্দ্রীয় সরকারি কর্মচারীরা অবহেলিত হচ্ছেন' পত্রের পরিপ্রেক্ষিতে আমার এই চিঠি। হিন্দি ভাষা পড়তে বা লিখতে বাঙালিকে চিরকালই বেশ সমস্যায় পড়তে হয়। তাই বিশেষত কেন্দ্রীয় সরকারি কর্মচারীরা কাজের দিক থেকে দক্ষ হয়েও ভাষাগত কারণে দুর্দশাগ্রস্ত। হিন্দি আমাদের দেশের সর্বাধিক ব্যবহৃত ভাষা। এ ভাষার উপর আমাদের দক্ষতা থাকা একান্ত জরুরি। কিন্তু আমরা না পারি হিন্দি ঠিকমতো লিখতে, না পারি বলতে। বাংলার মতো উচ্চারণে কয়েকটা ভাঙা হিন্দি শব্দ জুড়ে একটা বিকৃত ভাষা উৎপন্ন করি, যা আদত ভাষার ধারেকাছেও থাকে না। হিন্দিভাষীদের কাছে এই কারণেই আমরা উপহাসের পাত্র হই। হিন্দি কাজের ভাষা। সেটা অস্বীকারের উপায় নেই। আজকাল বেসরকারি কোনও সংস্থায় চাকরি করতে গেলে হিন্দি জানা অন্যতম শর্ত। সব দিক বিবেচনা করেই আমার অনুরোধ, স্কুলস্তরে অন্তত অষ্টম শ্রেণি পর্যন্ত হিন্দি ভাষা বাধ্যতামূলক করা হোক।

পৃথ্বীরাজ সেনগুপ্ত, ধনিয়াখালি, হুগলি।

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কে ২১৯

*প্রথম পাতার পর*

১২০টি। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি— যে-কোনও একটি বিষয়ে বি ই বা বি টেক। অথবা এম সি এ। পাশাপাশি, সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। **বয়স:** ২১ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে।

সব ক্ষেত্রেই ১-১-২০১৯ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টুয়ের ক্ষেত্রে ৩১,৭০৫-৪৫,৯৫০ টাকা এবং জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ানের ক্ষেত্রে ২৩,৭০০-৪২,০২০ টাকা।

প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। তবে কর্তৃপক্ষ মনে করলে ইন্টারভিউও নিতে পারে। পরীক্ষার সম্ভাব্য তারিখ ১৭ মার্চ। পরীক্ষায় থাকবে রিজনিং (৫০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৫০ নম্বর), ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর) ও সংশ্লিষ্ট পদ অনুসারে পেশাদারি বিষয়ভিত্তিক (৭৫ নম্বর) প্রশ্ন। সময়সীমা ২ ঘণ্টা। অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pnbindia.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১ থেকে ১৫ ফেব্রুয়ারি। অনলাইনে ফি বাবদ জমা দিতে হবে ৪০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ টাকা)।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# দিল্লি সরকারে ১০১ ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

উভয় পদের ক্ষেত্রেই নিয়োগ হবে দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। অথবা সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। বয়স: ১-৩-২০১৯ তারিখে ২৭ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড 1/19: **অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল):** ৫টি। পোস্ট কোড 2/19: **অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল):** ৭টি। উভয় পদের ক্ষেত্রেই নিয়োগ হবে দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। বয়স: ১-৩-২০১৯ তারিখে পোস্ট কোড ১-এর ক্ষেত্রে ৩২ এবং পোস্ট কোড ২-এর ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড 5/19: **জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** ৪টি। নিয়োগ হবে নিউ দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশনে। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা। বয়স: ১-৩-২০১৯ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড 6/19: **জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল):** ৮টি। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা। অথবা সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি। নিয়োগ হবে দিল্লি আর্বান শেল্টার ইমপ্রুভমেন্ট বোর্ডে। বয়স: ১-৩-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড 7/19: **জুনিয়র ইঞ্জিনিয়ার (ইলেক্ট্রিক্যাল):** ১২টি। নিয়োগ হবে দিল্লি আর্বান শেল্টার ইমপ্রুভমেন্ট বোর্ডে। শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। বয়স: ১-৩-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে জুনিয়র ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৪,২০০ টাকা এবং অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ৪,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং স্কিল টেস্ট (প্রযোজ্য ক্ষেত্রে)-এর মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পর্যায়ে— টিয়ার-ওয়ান এবং টিয়ার-টু। টিয়ার-ওয়ান পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল অ্যাওয়্যারনেস, জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং এবিলিটি, অ্যারিথমেটিক্যাল অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, হিন্দি এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ ও কম্প্রিহেনশন এবং সংশ্লিষ্ট বিষয়ে (প্রযোজ্য ক্ষেত্রে)। টিয়ার-টু পরীক্ষায় প্রশ্ন হবে পোস্ট কোড ১ ও ২-এর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়, ইংরেজিতে এসে রাইটিং ও লেটার রাইটিং বিষয়ে এবং পোস্ট কোড ৩, ৪, ৫, ৬, এবং ৭-এর ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয় এবং ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন বিষয়ে। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.dsssbonline.nic.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

প্রার্থী বাছাই এবং দরখাস্তের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: www.delhi.gov.in

# বর্ডার সিকিউরিটি ফোর্সে ১৭৬১ কনস্টেবল

*প্রথম পাতার পর*

বর্ণান্ধতা থাকলে চলবে না। রং চেনার উচ্চ ক্ষমতা থাকতে হবে।

প্রার্থী বাছাই হবে দৈহিক মাপজোক যাচাই, দৈহিক সক্ষমতার পরীক্ষা, লিখিত পরীক্ষা, ট্রেড টেস্ট ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে।

দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ২৪ মিনিটে ৫ কিলোমিটার দৌড়।

লিখিত পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এইসব বিষয়ে: জেনারেল অ্যাওয়্যারনেস বা জেনারেল নলেজ, স্কুলস্তরের অঙ্ক ও ইংরেজি। সেইসঙ্গে প্রার্থীর বিশ্লেষণ করার ক্ষমতা এবং বিভিন্ন প্যাটার্নের মধ্যে পার্থক্য নির্ণয়ের ক্ষমতা যাচাই করা হবে। ১০০ নম্বরের পরীক্ষা। উত্তর দিতে হবে ও এম আর শিটে। সময় ২ ঘণ্টা।

ট্রেড টেস্টে সংশ্লিষ্ট ট্রেডের কাজে প্রার্থীর দক্ষতা যাচাই করা হবে।

**বেতনক্রম:** ২১,৭০০-৬৯,১০০ টাকা।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ও অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে এই ওয়েবসাইট থেকে: www.bsf.nic.in পূরণ করবেন যথাযথভাবে। দরখাস্ত জমা দেওয়া যাবে ২ ফেব্রুয়ারি থেকে ৩ মার্চ পর্যন্ত। পশ্চিমবঙ্গের প্রার্থীরা এরাজ্যের বি এস এফ হেডকোয়ার্টার্সে দরখাস্ত জমা দেবেন। দরখাস্তের সঙ্গে প্রার্থীর জন্য নির্দিষ্ট জায়গাগুলি পূরণ করা অ্যাডমিট কার্ডটিও পাঠাবেন। দরখাস্ত পাঠাবার ঠিকানা, দরখাস্তের সঙ্গে কী-কী নথিপত্র জমা দিতে হবে, ফি-সম্পর্কিত তথ্য প্রভৃতি বিষয়ে বিশদে জানতে পারবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের অবগতি ও প্রস্তুতির সুবিধার জন্য আগাম এই নিয়োগের খবর জানানো হল। ২ ফেব্রুয়ারি থেকে এই নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।


কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com Great careers start here

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

PS AVIATION
Company: PS AVIATION ACADEMY PVT.LTD
Position Title: Ground Staff & Cabin Crew
Experience, Location: Fresher, Kolkata, Delhi, Vizag
Profile: Hiring Fresher Candidates for International and domestic Airlines. Qualification minimum 12th Passed.Starting salary for cabin crew-30000 to 35000 pm. Ground staff- 15000 to 19000 pm. Age limit for cabin crew -18 to 26, Age limit for Ground staff -18 to 28.Male female both can apply. Contact no-8240117926/ 9007421048, mail id -career@psaviation.in
To apply for this job, log on to www.shine.com and search using **9246724** as keyword.

Inovora Technologies Pvt. Ltd.
Company: INOVORA TECHNOLOGIES PVT. LTD.
Position Title: Process Associate
Experience, Location: Fresher & Experienced, Kolkata
Profile: Hiring Freshers & Experienced Candidates for International Outbound (Voice) Process (Lead Generation) in night shift. Edu- Min 10th Passed with good English Communication Skill. Drop Available. Walk-in a@ DN-10, Marlin Matrix Building, 8th Floor, Room No - 803, Sec-V, Salt Lake, Kol-91 between 12 am - 5 pm. Call 8335935348. Mail ID- saheli@inovoratechnologies.com
To apply for this job, log on to www.shine.com and search using **9589143** as keyword.

Company: Dona World Technical Training Institute
Position Title: Back Office Executive/Manager
Experience, Location: Minimum 2years, Kolkata
Profile: We need Back Office Executive/Manager for our own organication which is situated Near Birati Station, Kolkata. Any candidate who has an experience of minimum 2 years in Back Office work with basis computer knowledge they can apply by sending their resume on director@donaworld.com or contact on 8910218634. Salary As per industry standard. Retired personals may apply.
To apply for this job, log on to www.shine.com and search using **9554983** as keyword.

CROWD LINK STAFFING
Company: Crowd Link Staffing
Position Title: Customer Relationship Executive
Experience, Location: Fresher, Kolkata
Profile: Vacancy under a Corporate Bank as a Customer Relationship Executive. Qualification- H.S (Fresher) with basic knowledge of Excel & word. Language known - Basic Hindi & English. Salary - 12K - 20K. Call HR @ 9874440217.
For more info- www.crowdlink.asia
Email @ hrd.crowdlinkindia@gmail.com
To apply for this job, log on to www.shine.com

RAM Resource And Manpower
Company: A CLIENT (RENOWNED PATENT & TRADEMARK ) OF RAM .
Position Title: Patent Agent / Patent Engineer
Experience, Location: Bangalore , Delhi & Kolkata, 3-4 year
Profile: Salary: 6 to 9 Lac Maximum depending upon experience and qualification. With 3-4 years experience in the field of IP & from Engineering , biotech and life sciences Stream. Qualified patent agents will be given preference. • Prior art Search • Drafting of Patent specification • Search & drafting of Patent oppositions and revocation. EMAIL ID- client@ramindia.net
To apply for this job, log on to www.shine.com

Hinduja Global Solutions Limited
Company: Hinduja Global Solutions Limited
Position Title: Field Sales Officer
Experience, Location: 0-5 years, Kolkata
Profile: Walk in drive for Field Sales Officer with a leading Bank. Looking for candidates experienced in FIELD SALES ONLY - with any Banking product - CASA / CREDIT CARD / BUSINESS LOANS etc. No of positions - 20, Salary upto 3 lakh + Incentive. Job Location- Delhi & Kolkata.
To apply for this job, log on to www.shine.com and search using **9595582** as keyword

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203*
*Not for Candidates

shine.com
Great careers start here

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# কারেন্ট অ্যাফেয়ার্স

১৪ জানুয়ারি-২২ জানুয়ারি

**১৪ জানুয়ারি** তিন বছর আগের ঘটনার পরিপ্রেক্ষিতে রাষ্ট্রদ্রোহের অভিযোগে জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন নেতা ছাত্র কানহাইয়া কুমারের বিরুদ্ধে চার্জশিট জমা দিল দিল্লি পুলিশ। কানহাইয়া ছাড়াও রাষ্ট্রদ্রোহের অভিযোগে চার্জশিট দায়ের করা হয়েছে উমর খালিদ, অনির্বাণ ভট্টাচার্য, আকিব হুসেন, মুনির হুসেন, উমর গুল, মুজিব হুসেন, বশির বাট-সহ মোট ১০ জন পড়ুয়ার বিরুদ্ধে। এঁদের মধ্যে খালিদ সহ সাত জন হলেন কাশ্মিরী। তিন বছর আগে ২০১৬ সালের ৯ ফেব্রুয়ারি আফজল গুরুর সমর্থনে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠান আয়োজন করার অভিযোগ উঠেছিল এঁদের বিরুদ্ধে। গ্রেপ্তার হয়ে কিছুদিন জেলে থাকার পর জামিন পান কানহাইয়া। এ দিন তিনি বলেছেন, 'ভোটের ঠিক আগে এ ভাবে চার্জশিট পেশ করা স্পষ্ট বুঝিয়ে দিচ্ছে বিষয়টি রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত।'

## ব্রিগেডে বিরোধী ঐক্যের সমাবেশ



১৯ জানুয়ারি: ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ডাকে জাতীয় রাজনীতির মহা সমাবেশ আয়োজিত হল। সমাবেশে উপস্থিত ২৩ নেতা আগামী লোকসভা নির্বাচনে নরেন্দ্র মোদীর বিজেপি সরকারের বিরুদ্ধে একজোট হয়ে লড়াইয়ের ডাক দিলেন। লোকসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়গে সভামঞ্চে সনিয়া গান্ধীর পাঠানো বার্তা পড়ে শোনান। বার্তায় সনিয়া বলেন, 'উদ্ধত মোদী জমানার অবসানে এই সভা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সর্বাঙ্গীণ সাফল্য কামনা করি।' সভায় বক্তব্য রাখেন প্রাক্তন প্রধানমন্ত্রী এইচ ডি দেবেগৌড়া, জম্মু-কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী ফারুক আবদুল্লা, মুখ্যমন্ত্রীদের মধ্যে অন্ধ্রপ্রদেশের চন্দ্রবাবু নাইডু, কর্নাটকের এইচ ডি কুমারস্বামী, দিল্লির অরবিন্দ কেজরীবাল এবং অন্যান্য নেতাদের মধ্যে উত্তরপ্রদেশের অখিলেশ যাদব, বিহারের তেজস্বী যাদব, বিক্ষুব্ধ বিজেপি নেতা শত্রুঘ্ন সিনহা প্রমুখ ভাষণ দেন। সব শেষে বক্তব্য পেশ করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, 'মানুষ মনস্থির করে ফেলেছে। মোদীবাবুর সরকারের এক্সপায়ারি ডেট এসে গিয়েছে। পরিবর্তনের পর এই ব্রিগেডেই সভা করব।'

ছবি: পি টি আই

**১৫ জানুয়ারি** পশ্চিমবঙ্গে বিজেপির রথযাত্রা নাকচ হল সুপ্রিম কোর্টে। রথযাত্রার জেরে প্রাণহানি, সাম্প্রদায়িক হিংসার পরিস্থিতি তৈরি হতে পারে— রাজ্য সরকারের এই আশঙ্কায় এ দিন সহমত জানাল শীর্ষ আদালত। প্রধান বিচারপতি রঞ্জন গগৈয়ের বেঞ্চের মতে, 'রাজ্যের আশঙ্কা অমূলক নয়।' সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছে, বিজেপিকে রথযাত্রার অনুমতি পেতে হলে রাজ্যের আশঙ্কা দূর করতে হবে। তারা চাইলে রথযাত্রার নতুন কর্মসূচি তৈরি করে প্রস্তাব দিতে পারে। সে ক্ষেত্রে রাজ্যকে তা দ্রুত খতিয়ে দেখার নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত।

**১৬ জানুয়ারি** কেনিয়ার রাজধানী নাইরোবির ওয়েস্ট-ল্যান্ড জেলায় অভিজাত হোটেল 'ডুসিট ডি টু' তে জঙ্গি হামলায় প্রাণ হারালেন ১৪ জন। দীর্ঘ ২০ ঘন্টার লড়াইয়ের পর জঙ্গিমুক্ত করা হয়েছে হোটেলটিকে। নিরাপত্তাবাহিনী প্রায় ৭০০ জনকে উদ্ধার করতে পেরেছে বলে জানিয়েছেন কেনিয়ার প্রেসিডেন্ট উহুরু কেনিয়াট্টা। হামলার দায় নিয়েছে আল-কায়দার সহযোগী সোমালিয়ার জঙ্গি গোষ্ঠী আল-শাবাব। নিহতদের মধ্যে এক মার্কিন ও এক ব্রিটিশ নাগরিক রয়েছেন।

**ব্রিটিশ পার্লামেন্টে ব্রেক্সিট নিয়ে হারলেও** প্রধানমন্ত্রীর বিরুদ্ধে বিরোধীদের আনা অনাস্থা প্রস্তাবে মাত্র ১৯ ভোটে জয় পেলেন টেরেসা মে। আস্থা ভোটে তাঁর পক্ষে ছিলেন ৩২৫ জন এম পি। বিপক্ষে পড়েছে ৩০৬টি ভোট। অন্যদিকে, ব্রেক্সিট সমস্যার সমাধানে এ দিন রাত থেকেই সব দলের এম পি দের সঙ্গে দফায় দফায় বৈঠক শুরু করেছেন প্রধানমন্ত্রী টেরেসা মে।

## ব্রেক্সিট ভোটাভুটিতে হার মে-র



১৫ জানুয়ারি: ব্রেক্সিট নিয়ে ব্রিটিশ পার্লামেন্টের ঐতিহাসিক ভোটাভুটিতে হেরে গেলেন ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মে। পাঁচ দিন ধরে হাউসে বিতর্ক চলার পর এ দিন ভোটের ঠিক আগে চুক্তির পক্ষে সওয়াল করেন প্রধানমন্ত্রী। কিন্তু শেষ পর্যন্ত শোচনীয় ভাবে হারতে হল তাঁকে। শুধু বিরোধী এম পি রাই নন, প্রস্তাবিত চুক্তির বিরুদ্ধে ভোট দিয়েছেন তাঁর নিজের দলেরও অন্তত একশো জন এম পি। জানা যাচ্ছে, সরকার যদি ব্রেক্সিট নিয়ে কোনও সিদ্ধান্তে পৌঁছতে না পারে তা হলে ফের গণভোট হবে ব্রিটেনে। উল্লেখ্য, ২০১৬ সালের ২৩ জুন ব্রিটেনে যে গণভোট হয়েছিল, তাতে ৫১.৯ শতাংশ ব্রিটিশ নাগরিক বলেছিলেন তাঁরা ইইউ ছাড়ার পক্ষে।



“সুপারস্টার সংস্থার সঙ্গে অন্য সংস্থাগুলি দীর্ঘ মেয়াদে প্রতিযোগিতায় পেরে উঠবে তো? বাজারে বজায় থাকবে প্রতিযোগিতার আবহ? নাকি গুটিকয় সংস্থাই গ্রাস করে ফেলবে পুরো বাজারকে?”

রঘুরাম রাজন, *প্রাক্তন গভর্নর, রিজার্ভ ব্যাঙ্ক*

সুইৎজারল্যান্ডের দাভোসে ওয়ার্ল্ড ইকনমিক ফোরামের মঞ্চে এই প্রশ্ন তুলে

**১৭ জানুয়ারি** হরিয়ানার সাংবাদিক রামচন্দ্র ছত্রপতিকে খুনের ঘটনায় ডেরা সচ্চা সৌদার প্রধান গুরমিত রাম রহিমকে যাবজ্জীবন কারাদণ্ড দিল সিবিআই বিশেষ আদালত। তার তিন শাগরেদেরও একই সাজা হয়েছে। প্রত্যেককে ৫০ হাজার টাকা করে জরিমানারও নির্দেশ দিয়েছে আদালত। উল্লেখ্য, ধর্ষণের দায়ে ইতিমধ্যেই ২০ বছরের কারাদণ্ড হয়েছে স্বঘোষিত এই ধর্মগুরুর। ২০০২ সালের ২৪ অক্টোবর বাড়ির সামনে গুলি করা হয়েছিল ছত্রপতিকে। নিজের পত্রিকা 'পুরা সচ'-এ গুরমিতের কীর্তি ফাঁস করেছিলেন তিনি।

## অতীন বন্দ্যোপাধ্যায় প্রয়াত



১৯ জানুয়ারি: প্রয়াত হলেন বিশিষ্ট সাহিত্যিক অতীন বন্দ্যোপাধ্যায় (৮৫)। দেশভাগের কথা বারবার উঠে এসেছে তাঁর লেখায়। অতীনের ট্রেট্রালজি 'নীলকণ্ঠ পাখির খোঁজে', 'মানুষের ঘরবাড়ি', 'অলৌকিক জলযান' এবং 'ঈশ্বরের বাগান' দেশভাগজনিত সমস্যার এক মানবিক দলিল। পেয়েছেন বহু পুরস্কার। 'সমুদ্র মানুষ'-এর জন্য মানিক স্মৃতি পুরস্কার, 'দুই ভারতবর্ষ' উপন্যাসের জন্য বঙ্কিম পুরস্কার, 'পঞ্চযোগিনী'র জন্য ভুয়ালকা পুরস্কার। ২০০১ সালে তিনি সাহিত্য অকাদেমি পুরস্কার পান। অন্যান্য পুরস্কারের মধ্যে রয়েছে বিভূতিভূষণ, মতিলাল, তারাশঙ্কর এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের নারায়ণ গঙ্গোপাধ্যায় ও সুধা পুরস্কার।

**১৯ জানুয়ারি** গুজরাটে লার্সেন অ্যান্ড টুব্রোর আর্মড সিস্টেম কমপ্লেক্স-এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দেশের প্রথম বেসরকারি সংস্থা হিসেবে এখানেই কে ৯ বজ্র সেল্ফ প্রোপেলড হাউইৎজার কামান তৈরি করা হবে। এর জন্য ২০১৭ সালে প্রতিরক্ষা মন্ত্রক থেকে সাড়ে চার হাজার কোটি টাকার বরাত পেয়েছিল এই সংস্থা।

**মেক্সিকোয় পাইপলাইন বিস্ফোরণে ৬৬** জনের প্রাণহানি হল। মেক্সিকো সিটির ৮০ মাইল উত্তরে লাহয়েলিলপানে ঘটনাটি ঘটে। রাষ্ট্রীয় তেল সংস্থা পেমেক্স এক বিবৃতিতে জানিয়েছে, পাইপলাইন থেকে বেআইনিভাবে তেল চুরির জেরে ঘটেছে বিস্ফোরণ। গ্যাসোলিন চুরির এই চক্র রোখার জন্য নাগরিকদের কাছে আবেদন জানিয়েছেন স্টেট অব হিডালকোর গভর্নর ওমর ফায়াদ। জ্বালানি চুরির জেরে গত বছর মেক্সিকোতে প্রায় ৩ বিলিয়ন মার্কিন ডলার ক্ষতি হয়েছে বলে প্রশাসন জানিয়েছে।

**২০ জানুয়ারি** বিশ্বের বয়স্কতম মাসাজো নোনাকা (১১৪) জাপানে প্রয়াত হলেন। ১৯০৫ সালে জন্ম নোনাকার। অ্যালবার্ট আইনস্টাইনের সমবয়সি তিনি। গতবছর স্পেনের বাসিন্দা ফ্রান্সিসকো নুনেজ অলিভেরার মৃত্যুর পর গিনেস ওয়ার্ল্ড রেকর্ড মাসাজোকে বিশ্বের 'বয়স্কতম ব্যক্তি' হিসেবে ঘোষণা করে।

**২১ জানুয়ারি** সুইৎজারল্যান্ডের দাভোসে ওয়ার্ল্ড ইকনমিক ফোরামের বার্ষিক বৈঠকের আগে বিশ্বের বিভিন্ন দেশের আর্থিক অবস্থা নিয়ে একটি রিপোর্ট পেশ করা হল। সমাজের বিভিন্ন স্তরের আর্থিক বৈষম্যই প্রকট হল সেই রিপোর্টে। এ বারের রিপোর্টে বলা হয়েছে, ভারতের জাতীয় সম্পদের ৫১.৫৩ শতাংশ রয়েছে মাত্র ১ শতাংশ ধনীর হাতে। মোট সম্পদের ৭৭ শতাংশেরও বেশি মালিক মাত্র ১০ শতাংশ ধনী। দারিদ্র সীমার নিচে থাকা ৬০ শতাংশ মানুষের হাতে রয়েছে মোট জাতীয় সম্পদের মাত্র ৪.৮ শতাংশ। আরও উল্লেখ্য, এ দেশের মোট ৫০ শতাংশ মানুষের মোট সম্পদের পরিমাণ যত, দেশের মাত্র ৯ জন ধনীর মোট সম্পদ ততটাই।

**ভারতীয় বংশোদ্ভূত মার্কিন সেনেটর** কমলা হ্যারিস ২০২০-র নির্বাচনে মার্কিন প্রেসিডেন্ট পদে লড়বেন বলে জানা গেল। এ দিন কমলা ঘোষণা করেন, প্রেসিডেন্ট পদের জন্য ডেমোক্র্যাট দলের প্রার্থী হিসেবে তিনিও প্রতিদ্বন্দ্বিতা করবেন। পেশায় আইনজীবী কমলা হ্যারিসের প্রচারের দায়িত্বে থাকা দলটি তাঁর প্রচারে একটি ছোট ভিডিও প্রকাশ করেছে।

**পিএনবি-র ঋণখেলাপিতে অভিযুক্ত** শিল্পপতি মেহুল চোকসি ভারতীয় নাগরিকত্ব ছেড়ে দিলেন। এ দিন অ্যান্টিগার গুয়ানায় হাইকমিশনের কাছে নিজের পাসপোর্ট জমা করেন চোকসি। নিয়মানুযায়ী কোনও ভারতীয় বিদেশের নাগরিকত্ব পেলে সংশ্লিষ্ট ব্যক্তিকে ভারতীয় পাসপোর্ট ফেরৎ দিতে হয়। সেই প্রক্রিয়াই সম্পন্ন করলেন চোকসি। ভারতীয় প্রশাসন কূটনীতিক ও আইনি উপায়ে চোকসিকে প্রত্যর্পণের চেষ্টা চালাচ্ছে।

**কর্নাটকের টুমাকুরুর সিদ্ধাগঙ্গা মঠে** প্রয়াত হলেন লিঙ্গায়েতদের ধর্মগুরু শিবকুমার স্বামী। ১৯০৭ সালের ১ এপ্রিল কর্নাটকের রামনগরের ভীরাপুরা গ্রামে জন্ম তাঁর। সমাজসেবামূলক কাজের জন্য ২০১৫ সালে পদ্মভূষণ পান। ২০০৭ সালে পেয়েছেন কর্নাটক রত্ন। ১৯৬৫ সালে কর্নাটক বিশ্ববিদ্যালয় থেকে পেয়েছেন সাম্মানিক 'ডক্টর অব লিটারেচার' ডিগ্রি। শিবকুমারের 'শ্রী সিদ্ধাগঙ্গা এডুকেশন সোসাইটি' কর্নাটকে ১২৫টি শিক্ষা প্রতিষ্ঠান চালায়। লিঙ্গায়েত গুরুর মৃত্যুতে কর্নাটক প্রশাসন রাজ্যে তিনদিনের শোক ঘোষণা করেছে।

## সপ্তশৃঙ্গ ও সপ্ত আগ্নেয়গিরি জয় সত্যরূপের



১৬ জানুয়ারি: অ্যান্টার্কটিকার সর্বোচ্চ আগ্নেয়গিরি মাউন্ট সিডলি (৪২৮৫ মিটার) আরোহণ করে সর্বকনিষ্ঠ পর্বতারোহী হিসেবে সপ্তশৃঙ্গ ও সপ্ত আগ্নেয়গিরি জয়ের জোড়া নজির গড়লেন বাংলার সত্যরূপ সিদ্ধান্ত। ৩৫ বছর ৯ মাস বয়সে এই রেকর্ড করলেন তিনি। এর আগে অস্ট্রেলিয়ার ড্যানিয়েল বুল ৩৬ বছর ৬ মাস বয়সে এই রেকর্ড করেছিলেন। প্রথম ভারতীয় হিসেবেও মাউন্ট সিডলি ও সপ্ত আগ্নেয়গিরি (সাত মহাদেশের সর্বোচ্চ আগ্নেয়গিরি) জয় করেছেন তিনি। সত্যরূপের আগে বিশ্বে মাত্র পাঁচ জনের সপ্ত আগ্নেয়গিরি জয়ের কৃতিত্ব রয়েছে।

**২২ জানুয়ারি** ভারতে আসন্ন সাধারণ নির্বাচনের কথা বিবেচনা করে রাজনৈতিক প্রচারের ক্ষেত্রে স্বচ্ছ নীতি ঘোষণা করল গুগল। এ দিন তারা জানিয়েছে, এখন থেকে গুগলের কোনও মঞ্চে রাজনৈতিক বিজ্ঞাপন প্রচারের আগে তারা বিজ্ঞাপনদাতার পরিচয় ও নির্বাচন কমিশনের দেওয়া ছাড়পত্র যাচাই করে নেবে। কার বিজ্ঞাপন এবং সেই বিজ্ঞাপন দিতে কত খরচ পড়েছে, তাও বলা থাকবে।

**ভেনেজুয়েলায় নিকোলাস মাদুরো সরকার** সে দেশে এক অভ্যুত্থানের চেষ্টা রুখে দিল। ওয়ানড্রেস ফিগুয়েরো নামে এক বিদ্রোহী নেতা সেনাবাহিনীর একটি অংশকে নিয়ে নিরাপত্তা বাহিনীর সদর দপ্তরের দিকে এগিয়ে যান। মোবাইল বার্তা ও সোশ্যাল মিডিয়ার মাধ্যমেও মানুষকে রাস্তায় নামার ডাক দেন। এ দিন রাজধানী কারাকাসের রাস্তায় দফায় দফায় বিক্ষোভ চলে। ফিগুয়েরা অবশ্য পরে ধরা পড়েন। এমনিতেই অবশ্য ভেনেজুয়েলায় প্রধান বিরোধীদলের নেতৃত্বে জনসাধারণ চরম বিরোধিতা চালাচ্ছে নিকোলাস মাদুরো সরকারের বিরুদ্ধে।

**চিনে সে দেশের সেনার সংখ্যা অর্ধেক** কমিয়ে নৌসেনা, বায়ুসেনা, রকেট বাহিনী ও স্ট্র্যাটেজিক ফোর্স বা কৌশলগত বাহিনীর সদস্য সংখ্যা বাড়াল বেজিং। চিনা সংবাদ সংস্থা জানিয়েছে, সামরিক বাহিনীতে বড় সংস্কার করা হচ্ছে। এই সিদ্ধান্ত তারই অঙ্গ। সম্প্রতি চিনা প্রেসিডেন্ট শি চিনফিংও বাহিনীতে এই সংস্কারের সিদ্ধান্তের কথা জানিয়েছিলেন। বিশেষজ্ঞরা মনে করছেন এর ফলে বিদেশে নিজেদের স্বার্থরক্ষাকেই বেশি গুরুত্ব দিচ্ছে চিন।

180. Which of the following represents the relationship of Profit, Dividend and Bonus?



(a) (b) (c) (d)

181. সম্প্রতি প্রধানমন্ত্রী কোথায় 'মোরেই' নামে একটি চেক পয়েন্ট উদ্বোধন করলেন?
(a) মেঘালয় (b) অসম (c) মিজোরাম (d) মণিপুর

182. সম্প্রতি ভারতীয় প্যানোরামা চলচ্চিত্র উৎসব শুরু হয়েছে কোন রাজ্যে?
(a) কলকাতা (b) মুম্বই (c) নয়াদিল্লি (d) গোয়া

183. নীচের কোন স্থানে কিশোর বৈজ্ঞানিক সম্মেলন শুরু হয়েছে?
(a) নয়াদিল্লি (b) বেঙ্গালুরু (c) জলন্ধর (d) অমৃতসর

184. নীচের কোন রাজ্যের নৃত্য হল 'কুলু নটি'?
(a) রাজস্থান (b) হিমাচল প্রদেশ (c) নাগাল্যান্ড (d) অন্ধ্রপ্রদেশ

185. 'শোলা' (Shola) তৃণভূমি কোথায় দেখা যায়?
(a) পশ্চিমঘাট (b) আন্দামান নিকোবর (c) হিমালয় (d) সুন্দরবন

186. সম্প্রতি দক্ষিণ ভারতের 'লম্বাসিঙ্গি' নামক স্থানে 0°C তাপমাত্রা রেকর্ড করা হয়েছে দীর্ঘ 7 বছর পর। স্থানটি কোন রাজ্যে অবস্থিত?
(a) কেরল (b) তেলেঙ্গানা (c) অন্ধ্রপ্রদেশ (d) তামিলনাড়ু

187. 2018 সালে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া কতগুলি স্মৃতিসৌধকে সংরক্ষিত এবং জাতীয় গুরুত্বপূর্ণ ঘোষণা করেছে?
(a) 5 (b) 6 (c) 7 (d) 8

188. রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান কে নিযুক্ত হয়েছেন?
(a) গিরীশ পিল্লাই (b) ঘনশ্যাম সিং (c) রাজেশ আগরওয়াল (d) বিনোদ কুমার যাদব

189. 'মকরাভিলাকু' উৎসব কোন মন্দিরের সঙ্গে সম্পর্কিত?
(a) জগন্নাথ পুরী মন্দির (b) শবরীমালা মন্দির (c) তিরুপতি বালাজি (d) পদ্মনাভস্বামী মন্দির

190. সম্প্রতি উসমান ঝড়ে 68 জন মারা গেছেন। কোন দেশে?
(a) ওমান (b) ফিলিপাইনস (c) বাংলাদেশ (d) ইন্দোনেশিয়া

191. বীর সাভারকর আন্তর্জাতিক বিমানবন্দর কোথায় অবস্থিত?
(a) ইটানগর (b) গুয়াহাটি (c) পোর্ট ব্লেয়ার (d) কটক

192. সম্প্রতি প্রয়াত হয়েছেন দিব্যেন্দু পালিত। তিনি কোন পেশার সঙ্গে যুক্ত ছিলেন?
(a) লেখক (b) চলচ্চিত্র নির্মাতা (c) রাজনীতিবিদ (d) কোনওটাই নয়

193. রমাকান্ত আচরেকর সম্প্রতি প্রয়াত হয়েছেন। তিনি কোন খেলার কোচ হিসেবে কাজ করেছেন?
(a) কবাডি (b) ক্রিকেট (c) হকি (d) ফুটবল

194. কম্পিটিশন কমিশন অব ইন্ডিয়া (সি সি আই)-র নবনিযুক্ত সচিব হলেন:
(a) সৃষ্টি সবর্ণা (b) পি কে সিং (c) প্রশান্ত সিং (d) রাহুল মিশ্র

195. সম্প্রতি কোথায় দশম আর আর লক্ষ্য কাপ 2018 শুটিং টুর্নামেন্ট আয়োজিত হয়েছিল?
(a) সালেম (b) গুয়াহাটি (c) নয়াদিল্লি (d) নিউ মুম্বই

196. কানহা ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র কোথায় অবস্থিত?
(a) মধ্যপ্রদেশ (b) উত্তরপ্রদেশ (c) গুজরাট (d) অসম

197. সম্প্রতি আন্দামান-নিকোবরের রস আইল্যান্ডের নাম পালটে রাখা হয়েছে:
(a) মহাত্মা গান্ধী দ্বীপ (b) নেতাজি সুভাষচন্দ্র বসু দ্বীপ (c) শহিদ দ্বীপ (d) স্বরাজ দ্বীপ

198. প্রথম কোন বাংলাদেশি মহিলা ক্রিকেট খেলোয়াড় আই সি সি টি টোয়েন্টি টিমে নির্বাচিত হয়েছেন?
(a) রুমানা আহমেদ (b) অঞ্জলি সেনা (c) পূর্ণা সেন (d) মথুরিমা প্যাটেল

199. সম্প্রতি কোন রাজ্য সরকার আধ্যাত্মিক বিভাগ চালু করার সিদ্ধান্ত নিয়েছে?
(a) গুজরাট (b) রাজস্থান (c) মধ্যপ্রদেশ (d) উত্তরপ্রদেশ

200. কোন দেশের সংসদের নাম নিসেট (Knesset) ?
(a) মিশর (b) স্পেন (c) মেক্সিকো (d) ইজরায়েল

### উত্তর

1(c), 2(a), 3(a), 4(b), 5(a), 6(a), 7(a), 8(a), 9(a), 10(b), 11(b), 12(b), 13(c), 14(b), 15(d), 16(a), 17(b), 18(d), 19(c), 20(a), 21(d), 22(d), 23(b), 24(c), 25(c), 26(a), 27(b), 28(c), 29(c), 30(a), 31(a), 32(d), 33(a), 34(d), 35(d), 36(a), 37(c), 38(d), 39(b), 40(c), 41(c), 42(b), 43(c), 44(b), 45(a), 46(d), 47(c), 48(b), 49(b), 50(c), 51(b), 52(b), 53(a), 54(a), 55(b), 56(b), 57(b), 58(d), 59(a), 60(c), 61(d), 62(d), 63(d), 64(c), 65(a), 66(d), 67(c), 68(a), 69(c), 70(c), 71(d), 72(d), 73(a), 74(a), 75(a), 76(b), 77(c), 78(a), 79(c), 80(d), 81(a), 82(d), 83(c), 84(b), 85(b), 86(d), 87(b), 88(c), 89(b), 90(a), 91(c), 92(d), 93(c), 94(d), 95(c), 96(c), 97(a), 98(a) 99(d), 100(b), 101(b), 102(a), 103(b), 104(b), 105(d), 106(d), 107(b), 108(b), 109(b), 110(c), 111(a), 112(c), 113(b), 114(d), 115(d), 116(c), 117(b), 118(b), 119(b), 120(c), 121(b), 122(b), 123(a), 124(b), 125(a), 126(b), 127(b), 128(d), 129(c), 130(a), 131(d), 132(d), 133(c), 134(b), 135(c), 136(c), 137(c), 138(c), 139(c), 140(a), 141(d), 142(b), 143(b), 144(d), 145(a), 146(c), 147(a), 148(d), 149(b), 150(b), 151(c), 152(d), 153(c), 154(d), 155(d), 156(d), 157(d), 158(c), 159(d), 160(b), 161(c), 162(a), 163(d), 164(a), 165(b), 166(d), 167(d), 168(c), 169(d), 170(a), 171(a), 172(c), 173(a), 174(a), 175(c), 176(d), 177(b), 178(d), 179(c), 180(c), 181(d), 182(c), 183(c), 184(b), 185(a), 186(c), 187(b), 188(d), 189(b), 190(b), 191(c), 192(a), 193(b), 194(b), 195(d), 196(a), 197(b), 198(a), 199(c), 200(d).

### সমাধান

151(c): ধরি, দৈর্ঘ্য = 5x ও প্রস্থ = 4x
∴ ক্ষেত্রফল = $5x \times 4x = 20x^2$
প্রশ্নানুসারে, $20x^2 = 500$ বা, $x^2 = \frac{500}{20} = 25$ ∴ $x = 5$
∴ $5x = 5 \times 5 = 25$ মিটার এবং $4x = 4 \times 5 = 20$ মিটার
∴ পরিসীমা = $2(25 + 20)$ মিটার = $2 \times 45 = 90$ মিটার।

152(d): 3টি সংখ্যার গড় = 60
∴ 3টি সংখ্যার সমষ্টি = $60 \times 3 = 180$
অর্থাৎ, $x + y + z = 180$, $x = \frac{1}{4}(y + z)$, $4x = y + z$, $5x = 180$
∴ $x = 36$.

153(c): 12 টাকায় 12টি দ্রব্য ক্রয় করে
∴ 1টি দ্রব্যের ক্রয়মূল্য = 1 টাকা
1টি দ্রব্যের বিক্রয়মূল্য = 1.25 টাকা
∴ লাভ = (1.25 – 1.00) টাকা = 0.25 টাকা
∴ শতকরা লাভ = $\frac{0.25}{.1} \times 100$ টাকা = $\frac{25}{100} \times 100$ টাকা
∴ শতকরা লাভ = 25% = 25 টাকা।

154(d): 45 কিমি যেতে সময় লাগে 3600 সেকেন্ড
1 কিমি যেতে সময় লাগে $\frac{3600}{45}$ সেকেন্ড
$\frac{4}{5}$ কিমি যেতে সময় লাগে $\frac{3600 \times 4}{45 \times 5}$ সেকেন্ড = 64 সেকেন্ড।

155(d): A নেয় 12 ঘণ্টা 1টি ট্যাঙ্ক ভর্তি করতে
A নেয় 1 ঘণ্টা $\frac{1}{12}$ টি ট্যাঙ্ক ভর্তি করতে
B নেয় 15 ঘণ্টা 1টি ট্যাঙ্ক ভর্তি করতে
B নেয় 1 ঘণ্টা $\frac{1}{15}$ টি ট্যাঙ্ক ভর্তি করতে
C নেয় 20 ঘণ্টা 1টি ট্যাঙ্ক ভর্তি করতে
C নেয় 1 ঘণ্টা $\frac{1}{20}$ টি ট্যাঙ্ক ভর্তি করতে

$$\frac{\frac{1}{12}+\frac{1}{15}}{1\text{ ঘণ্টা}} + \frac{\frac{1}{20}+\frac{1}{12}}{2\text{ ঘণ্টা}} + \frac{\frac{1}{15}+\frac{1}{12}}{3\text{ ঘণ্টা}} + \frac{\frac{1}{20}+\frac{1}{12}}{4\text{ ঘণ্টা}} + \frac{\frac{1}{15}+\frac{1}{12}}{5\text{ ঘণ্টা}} + \frac{\frac{1}{20}+\frac{1}{12}}{6\text{ ঘণ্টা}} + \frac{\frac{1}{15}+\frac{1}{12}}{7\text{ ঘণ্টা}}$$

$$= \frac{5+4+3+5+4+5+3+5+4+5+3+5+4+5}{60} = \frac{60}{60} = 1 = 7 \text{ ঘণ্টা।}$$

156(d): বাহু = $\frac{\text{কর্ণ}}{\sqrt{2}} = \frac{a}{\sqrt{2}}$ ∴ ক্ষেত্রফল = $(\text{বাহু})^2 = \left(\frac{a}{\sqrt{2}}\right)^2$ বর্গসেমি
$= \frac{a^2}{2}$ বর্গসেমি।

157(d): ধার্যমূল্য = 900 টাকা
40% ছাড় দেওয়ার পর, $900 - \frac{900 \times 40}{100} = 900 - 360 = 540$
∴ লাভ = (900 – 540) টাকা = 360 টাকা
∴ শতকরা লাভ = $\frac{360}{540} \times 100\% = 66\frac{2}{3}\%$.

158(c): $\frac{(0.75)^3}{1-0.75} + [0.75 + (0.75)^2 + 1]$
$= \frac{0.75 \times 0.75 \times 0.75}{0.25}$ $(0.75 + 0.5625 + 1) = 1.6875 + 2.3425$
$= \sqrt{4} = 2$.

159(d): $\frac{0.05 \times 0.05 \times 0.05 - 0.04 \times 0.04 \times 0.04}{0.05 \times 0.05 + 0.002 + 0.04 \times 0.04}$
$= \frac{(0.05)^3 - (0.04)^3}{(0.05)^2 + 0.05 \times 0.04 + (0.04)^2} = 0.05 - 0.04 = 0.01$.

160(b): $(2.4 \times 10^3) \div (8 \times 10^{-2}) = \frac{2.4 \times 10^3}{8 \times 10^{-2}} = \frac{.24 \times 10^3}{8 \times 10 \times 10^{-2}}$
$= \frac{24 \times 10^3 \times 10}{8} = 3 \times 10^4$.

161(c): 216 [168] 120 72 24
–48 –48 –48 –48

162(a):
6 × 4 × 3 → 4 3 6
8 × 4 × ? → 4 6
6 × 9 × 8 → 9 8 6

163(d): $36 \times 12 + 4 \div 6 + 2 - 3$
$\Rightarrow 36 - 12 \div 4 + 6 \div 2 \times 3 \Rightarrow 36 - 3 + 3 \times 3$
$\Rightarrow 36 - 3 + 9 \Rightarrow 36 + 9 - 3 \Rightarrow 45 - 3 \Rightarrow 42$.

164(a): $8 \times 4 \times 2 = 64$, $9 \times 5 \times 4 = 180$, $7 \times 6 \times ? = 294$
∴ $? = \frac{294}{42} = \boxed{7}$

165(b):

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ① | ② | ③ | ④ | ⑤ | ⑥ | ⑦ |
| E | D | I | T | I | O | N |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ③ | ② | ① | ④ | ⑦ | ⑥ | ⑤ |
| I | D | E | T | N | O | I |

একইভাবে,

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ① | ② | ③ | ④ | ⑤ | ⑥ | ⑦ |
| M | E | D | I | C | A | L |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| ③ | ② | ① | ④ | ⑦ | ⑥ | ⑤ |
| D | E | M | I | L | A | C |

166(d):

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| P | R | A | B | A | T | H | I | L | A | K |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 2 | 7 | 5 | 9 | 5 | 3 | 6 | 8 | 4 | 5 | 1 |

একইভাবে

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| B | H | A | R | A | T | H | I |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 9 | 6 | 5 | 7 | 5 | 3 | 6 | 8 |

167(d): A G M S (↓+2 ↓+2 ↓+2 ↓+2) C I O U
একইভাবে, D J P V (↓+2 ↓+2 ↓+2 ↓+2) F L R X

168(c): $42 \times 2 = 84 + 1 = 85$
একইভাবে, $69 \times 2 = 138 + 1 = 139$.

169(d): C E G I → R T V X

*এরপর চোদ্দোর পাতায়*

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# একনজরে বিজ্ঞানের প্রশ্নোত্তর

- ভারতের একটি ভূসমালয় উপগ্রহ— INSAT-1B।
- SI পদ্ধতিতে চাপের একটি একক— পাস্কেল।
- রেসের গাড়িগুলি নিচু আকৃতির হয়, কারণ— বস্তুর অভিকর্ষ কেন্দ্র (ভর কেন্দ্র) যত নিচু হবে তার ভারসাম্য তত বাড়বে।
- পাহাড়ে উঠতে গেলে পিঠে বোঝা বওয়ার সময় আমরা সামনে ঝুঁকে পড়ি, কারণ— শরীরের ভরকেন্দ্র দু'পায়ের মাঝবরাবর আনতে।
- ভরবেগ একটি ভেক্টর রাশি কারণ— বেগ একটি ভেক্টর রাশি।
- জেট ইঞ্জিনের জ্বালানি হল কেরোসিন (প্যারাফিন)।
- রকেটে থাকে কঠিন রাসায়নিক, যা উচ্চ গতিবেগে গরম গ্যাস উৎপন্ন করে।
- নিউটনের তৃতীয় সূত্রানুযায়ী উড়োজাহাজ চলে এবং রকেট উৎক্ষেপন করা হয়।
- বলের পরিমাপ এবং সংজ্ঞা— নিউটনের দ্বিতীয় গতিসূত্র অনুসারে।
- বলের ধারণা পাওয়া যায় নিউটনের প্রথম গতিসূত্র অনুসারে।
- পৃথিবীর অভিকর্ষ বল সবচেয়ে বেশি মেরুপ্রদেশে এবং সবচেয়ে কম নিরক্ষীয় তলে।
- বস্তুর ওজন কয়লার খনিতে ও পাহাড়ের উপরে কিছুটা কমে যায়।
- তড়িৎ বিশ্লেষণের সময় আয়নাগুলি পজেটিভ ইলেকট্রড (অ্যানোড) জমা হয়।
- তাপবিদ্যুৎ কেন্দ্রগুলিতে তড়িৎ উৎপন্ন হয় 11কিলো ভোল্টে।
- পরিবহণের সময় তড়িৎ ক্ষয় এড়াতে 132 কিলো ভোল্টে পরিবহণ করা হয়।
- তিন প্লাগ পয়েন্টের উপরে থাকে আর্থ তারের সংযোগ। এবং নীচের বাঁদিকে থাকে নিউট্রাল সংযোগ।
- টাংস্টেন তারের গলনাঙ্ক— 3400° সেলসিয়াস।
- ফ্লুরোসেন্ট টিউবে (টিউব লাইট) থাকে কম চাপে পারদ বাষ্প। যা অদৃশ্য অতি বেগুনি রশ্মি সৃষ্টি করে। এই রশ্মি ফ্লুরোসেন্ট আবরণের দৃশ্যমান আলো উৎপন্ন হয়।
- টিউব লাইটের আলো জ্বালানো তুলনামূলক সস্তা, কারণ এতে সম্পূর্ণ তড়িৎশক্তি আলোক শক্তিতে পরিণত হয়।
- সাম্প্রতিক গবেষণায় যে আলো জ্বালানো পরিবেশের ক্ষতিকারক— বাল্ব।
- প্রকৃতিতে সবচেয়ে ভারী মৌল— ইউরেনিয়াম।
- এক্সরে টিউবে ব্যবহৃত ধাতুর পাতটি ট্যাংস্টেনের তৈরি।
- এক্সরে টিউবে তড়িৎ-এর বিভব পার্থক্য থাকে 50000 থেকে 100000 ভোল্ট।
- পরমাণুর নিউক্লিয়াসের আয়তন খুবই ক্ষুদ্র হওয়ার কারণ— নিউক্লিয়ার বল।
- আলফা রশ্মিগুলি পজেটিভ আধানযুক্ত হিলিয়াম পরমাণুর স্রোত।
- নিরপেক্ষ আধানযুক্ত গামা রশ্মি— ফোটন কণার স্রোত।
- তেজস্ক্রিয় আয়োডিনের ব্যবহার হয় থাইরয়েড গ্রন্থির ক্যানসার প্রতিরোধে।
- ক্যানসার থেরাপিতে ব্যবহৃত তেজস্ক্রিয় হল, কোবাল্টের থেকে প্রাপ্ত গামা রশ্মি।
- GM Counter যন্ত্রটি তেজস্ক্রিয়তার উপস্থিতি ও পরিমাপে ব্যবহৃত হয়।
- কার্বনডেটিং পরীক্ষায় কার্বনের যে আইসোটোপ ব্যবহার করা হয়— কার্বন-14।
- পৃথিবীর বয়স নির্ধারণ করা যায় ইউরেনিয়াম ডেটিং দ্বারা।
- এনরিচড ইউরেনিয়ামে— ইউরেনিয়াম 235। আইসোটোপের সংখ্যা বেশি থাকে।
- ডুবন্ত বস্তুর অবস্থান নির্ণয়ে ব্যবহার হয় সোনার (Sonar) যন্ত্রটি।
- বরফের উপর হাঁটাচলা কঠিন, কারণ— ঘর্ষণ বল কমে যায়।
- পারমাণবিক চুল্লিতে গ্রাফাইট অথবা ভারী জল নিউট্রন কণাগুলির গতি হ্রাস করতে মডারেটর হিসেবে ব্যবহার করা হয়।
- পৃথিবী ও সূর্যের মধ্যে দূরত্ব বেড়ে দ্বিগুণ হলে মহাকর্ষ বল এক-চতুর্থাংশ হয়ে যাবে।
- ঘোড়া টাঙ্গাকে সামনে এগিয়ে নিয়ে যেতে পারে কারণ ভূমিতল ঘোড়ার পায়ে প্রতিবর্ত বল সৃষ্টি করতে পারে।
- একটি ভারী ও একটি হালকা বস্তুর ওপর একই বল একই সময় ধরে ক্রিয়া করলে দু'টি বস্তুর ক্ষেত্রেই যা সমান হবে— ভরবেগ।
- চলন্ত বাস হঠাৎ দাঁড়িয়ে পড়লে যাত্রীরা সামনের দিকে ঝুঁকে পড়ে, কারণ— গতিজাড্য।
- পেন্ডুলাম ঘড়িতে দম দিলে যে শক্তি বৃদ্ধি পায়— স্থিতিশক্তি।
- কোনও কক্ষপথে ঘুরন্ত মহাকাশযান থেকে একটি বস্তু বাইরে ফেললে— বস্তুটি মহাকাশযানের সঙ্গে একই বেগে ঘুরতে থাকবে।
- গভীরতা বাড়লে সমুদ্রে জলে লবণাক্ততা বৃদ্ধি পাবে।
- আমাদের শরীরে রক্তচাপ স্বাভাবিক বায়ুমণ্ডলের চাপের থেকে কম।
- থার্মোমিটারে পারদ ব্যবহারের কারণ— এর উচ্চ ঘনত্ব এবং বাষ্পচাপ, এবং তা কাচে লাগে না।
- পারদ কাচের পাত্রে গোলক আকার নেয়, কারণ— পারদের কোহিশন বল, পারদ ও কাচের অ্যাডিশন বলের থেকে বেশি।
- মাঝখানে ছিদ্রযুক্ত একটি ধাতুর পাতকে গরম করলে ছিদ্রের আয়তন কমে যাবে।
- থার্মোস্ট্যাট যন্ত্রটি ব্যবহৃত হয়— স্বয়ংক্রিয়ভাবে কোনও বস্তুর তাপমাত্রা স্থির রাখতে।
- বাল্বের তাপ যে পদ্ধতিতে পরিবেশে আসে— বিকিরণ।
- এক কাপ গরম কফি থেকে যে যে পদ্ধতিতে তাপ ক্ষয় হয়— পরিবহণ, পরিচলন, বিকিরণ এবং বাষ্পীভবন।
- আমাদের শরীরে ঘাম বেশি হবে যখন তাপমাত্রা এবং আপেক্ষিক আর্দ্রতা উভয়ই বেশি হবে।
- উষ্ণতা বাড়লে বাতাসের আপেক্ষিক আর্দ্রতা বাড়ে।
- সোলার কুকারে কাচের ঢাকনা দেওয়া হয়, কারণ— কাচ আলো প্রবেশ করায় কিন্তু বিকিরণ পদ্ধতিতে তাপের ক্ষয় হতে বাধা দেয়।
- সূর্যগ্রহণের সময় যে অংশটি দৃশ্যমান হয়— করোনা।
- কোনও ব্যক্তির পূর্ণ প্রতিবিম্ব দেখতে প্রয়োজন তার নিজের দৈর্ঘ্যের অর্ধেকের বড় দর্পণ।
- কোনও ব্যক্তির দিকে দর্পণ যে গতিবেগে এগিয়ে যায় তার প্রতিবিম্ব তার দ্বিগুণ গতিবেগে এগিয়ে আসে।
- বায়ুমণ্ডল না থাকলে দিনের দৈর্ঘ্য কমে যেত।
- যে তাপমাত্রা ও চাপে কোনও পদার্থের কঠিন, তরল ও বাষ্পীয় অবস্থার সাম্যতা হয় তাকে ট্রিপল পয়েন্ট বলে, জলের ট্রিপল পয়েন্ট, –273°, 16 K এবং 611.2 pascal।
- দাড়ি কাটার সময় অথবা দাঁতের ডাক্তার ব্যবহার করেন অবতল দর্পণ।
- সংলগ্ন দু'টি দেওয়ালে আয়না লাগালে কোনও বস্তুর যতগুলি প্রতিবিম্ব দেখা যাবে— তিনটি।
- গ্রহরা রাতের আকাশে ঝিকমিক করে না, কারণ— নিকটতম অবস্থানের জন্য তাদের প্রতিফলিত আলোর তীব্রতার পরিবর্তনশীলতা কম হয়।
- মৌলিক বর্ণগুলি অন্য কোনও রং মিশিয়ে তৈরি করা যায় না, তাই মৌলিক।
- মহাকাশচারীরা পৃথিবীর ওপর সারাদিন ধরে চতুর্দিকে গ্রহ নক্ষত্রদের দেখতে পায়।
- সব তরঙ্গ যা বহন করে— শক্তি।
- শব্দের পিচ বা তীক্ষ্ণতা নির্ভর করে কম্পাঙ্কের ওপর।
- আর্দ্র বাতাসে শব্দের গতিবেগ সবচেয়ে বেশি হবে 30° সেলসিয়াস উষ্ণতায়।
- ম্যাক সংখ্যা (Mach) (শব্দের গতি ও বস্তুর গতির অনুপাত) দ্বারা বিমানের উচ্চতা নির্ণয় করা হয়।
- একটি চৌম্বকদণ্ডের মাঝখানে সুতো বেঁধে উত্তরমেরুতে ঝোলালে চৌম্বকদণ্ডের উত্তরমেরু নীচের দিকে উলম্বভাবে ঝুলে থাকবে।
- বৈদ্যুতিক যন্ত্রে ক্যাপাসিটার বা কনডেন্সর বৈদ্যুতিক আধানকে ধরে রাখে।
- টেলিফোন রিসিভার ক্রিয়া করে তড়িৎ চুম্বকীয় ধর্ম অনুসারে।
- চাপের কারণে রোধ কমে যায় কার্বনের, তাই মাইক্রোফোনে কার্বন ব্যবহৃত হয়।
- ডি সি প্রবাহ থেকে এ সি প্রবাহ সুবিধা— তড়িৎ পরিবহণের সময় ডি সি প্রবাহ থেকে বেশি তড়িৎ ক্ষয়।
- ইলেকট্রিক যন্ত্রপাতিতে আর্থিং সংযোগ দেওয়া হয়— শক প্রতিরোধ করতে।
- ইউরেনিয়ামে— 235-এর নিউক্লিয়াসের প্রোটন ও নিউট্রনের মোট সংখ্যা 235।
- Father of Geometry— Euclid।
- ব্রিডার পারমাণবিক চুল্লি— সক্রিয় তেজস্ক্রিয় (ইউরেনিয়াম-235) পদার্থের সংখ্যা বৃদ্ধি করে।
- অ্যাস্ট্রোনমিক্যাল একক (AU) হল— সূর্যের কেন্দ্র থেকে পৃথিবীর কেন্দ্রের গড় দূরত্ব।
- সূর্যের পরবর্তী সবচেয়ে কাছের নক্ষত্র— প্রক্সিমা সেনচুরি।
- সূর্যের পরবর্তী খালি চোখে দেখা যায় যে নক্ষত্রকে (বড়)— আলফা সেনচুরি।
- সূর্য ছাড়া সবচেয়ে কাছের নক্ষত্র থেকে পৃথিবীতে আলো এসে পৌঁছাতে সময় লাগে 4.2 বছর।
- মহাকাশচারীরা মহাকাশ থেকে পৃথিবীকে দেখে— নীল রঙের।
- কৃত্রিম উপগ্রহ শক্তি পায়— সৌরশক্তি থেকে।
- চওড়া কাঠের স্লিপার রেললাইনে থাকার কারণ— ট্রেন চলার সময় উৎপন্ন চাপ কমাতে।
- সূর্য একটি মাঝারি ধরনের নক্ষত্র।
- চাঁদ ও পৃথিবী সূর্য থেকে প্রায় একই দূরত্বে অবস্থিত কিন্তু চাঁদের উষ্ণতা অনেক কম হওয়ার কারণ— চাঁদে বায়ুমণ্ডল নেই।
- গ্রহদের উপগ্রহগুলির মধ্যে সবচেয়ে বড় উপগ্রহ— বৃহস্পতির গ্যানিমিড।
- অটো মোবাইলের ব্রেক যে নীতিতে কার্য করে— পাস্কেল নীতিতে।
- ড্যাসিমিটার— গ্যাসের ঘনত্ব মাপতে ব্যবহৃত হয়।
- ম্যানোমিটার— গ্যাসের চাপ মাপতে ব্যবহৃত হয়।
- এক্সরে প্রকৃতপক্ষে— তড়িৎ চুম্বকীয় তরঙ্গ।
- বর্ণের রং যার সঙ্গে সম্পর্কিত— কম্পাঙ্ক।
- জল জমে বরফ হলে— তাপমাত্রার পরিবর্তন হয় না।
- রকেটে কঠিন জ্বালানি হিসেবে হাইড্রক্সি ল পলি বিউটাডাইন (HTPB) ব্যবহৃত হয়।
- সৌরমণ্ডলের একটিমাত্র যে গ্রহে সূর্য পশ্চিম দিকে থেকে উদয় হয়— শুক্র।
- সূর্য যে কক্ষপথ ধরে চলে তাকে— এডিপটিক বলে।
- ডাক্তারদের ব্যবহৃত এন্ডোস্কোপ যন্ত্র আলোর পূর্ণ অভ্যন্তরীণ প্রতিফলন ধর্ম মেনে চলে।
- 100° কেলভিন তাপমাত্রায় যা সুপার কন্ডাক্টার হিসেবে ব্যবহৃত হয়— সিরামিক্স।
- লেজার রশ্মি ব্যবহৃত হয় হলোগ্রাফিতে, সার্জারিতে এবং তাপীয় আণবিক বিক্রিয়া নিয়ন্ত্রণে।
- পজিট্রন হল— ইলেকট্রনের সমভরের কিন্তু প্রোটনের সম-আধানযুক্ত।
- একটি ভারী বস্তু জলে ফেললে বস্তুটি নীচে ডোবার সময় তার প্লাবতা সর্বদা একই থাকে।
- সালোকসংশ্লেষ উৎপন্ন অক্সিজেন উদ্ভিদ পায় জল থেকে।
- ব্যাক্টেরিয়া ক্রমোজোম সংখ্যা— 1টি।
- উদ্ভিদ কোষে ডি এন এ থাকে ক্লোরোপ্লাস্ট, মাইটোকন্ড্রিয়া ও নিউক্লিয়াসের মধ্যে।
- কলা— গুপ্তবীজী উদ্ভিদ।
- হার্বেরিয়াম হল— উদ্ভিদ শুকিয়ে নমুনা হিসেবে রাখা।
- উদ্ভিদের শ্রেণিবিন্যাস করার বিদ্যাকে বলে— ট্যাক্সোনমি।
- বেকারি শিল্পে ব্যবহৃত আগার— একটি শৈবাল।
- হলুদ রঙের প্রোটিন হল— ফ্লাবো প্রোটিন।
- মেদ হল ত্বকের এপিথেলিয়ামের অংশ।
- আমাদের যে অঙ্গ জল, ফ্যাট এবং বিপাকীয় বর্জ্য পদার্থ নিষ্কাশন করে— ত্বক।
- নিউক্লিক অ্যাসিড বেশি থাকে ফসফরাসে।
- দুধে ফ্যাটের পরিমাণ হ্রাস পায়— গ্রীষ্মকালে।
- গোরুর দুধের রং কিছুটা হলুদ হওয়ার কারণ— রাইবোফ্লাবিন।
- উই পোকার কাঠ পরিপাকে সাহায্যকারী প্রোটোজোয়া— ট্রাইকোডোর্মা কর্নেগি।
- তিন থেকে চার বছরের বাচ্চার যে দাঁত থাকে না— মোলার।
- যে পাচক রসে কোনও উৎসেচক থাকে না— বাইল।
- যে বিজ্ঞানী সালোকসংশ্লেষ ক্রিয়ার ওপর কাজ করার জন্য নোবেল পুরস্কার পান— কেলভিন।
- আমাদের শ্বাসনালি ও গ্রাসনালির যেখানে সংযোগ ঘটে— ফ্যারিংক্স।
- পেশির ক্লান্তি ঘটে যখন পেশিতে ল্যাকটিক অ্যাসিড জমে যায়।
- গাছের জৈব বস্তুগুলি পরিবাহিত হয়— ফ্লোয়েমের মাধ্যমে।
- ইউরিয়া ইউরিক অ্যাসিডের থেকে কম বিষাক্ত নাইট্রোজেনঘটিত বর্জ্য পদার্থ।

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার উত্তর-সহ নমুনা প্রশ্ন

*তেরোর পাতার পর*

বিপরীত বর্ণের জোড়ার সূত্রানুযায়ী,

I K M O → L N P R

170(a): $(2)^3 = 2 \times 2 \times 2 = 8$

$28 = (3)^3 + 1 = 3 \times 3 \times 3 + 1 = 28$

$(3)^3 = 3 \times 3 \times 3 = 27$

$\therefore ? = 4 \times 4 \times 4 + 1 = 65.$

171(a): $7 \times 2 = 14; 7 \times 7 = 49$

$8 \times 2 = 16; 8 \times 8 = 64, 10 \times 2 = 20; 10 \times 10 = 100.$

172(c): 432 ছাড়া সবক'টিই বিজোড় সংখ্যা।

174(a): $E \xrightarrow{+11} P \xrightarrow{-8} H$

$F \xrightarrow{+11} Q \xrightarrow{-8} I$

$H \xrightarrow{+11} S \xrightarrow{-8} K$

$K \xrightarrow{+12} W \xrightarrow{-8} O$

175(c): $Y \xrightarrow{+6} S \xrightarrow{+5} N \xrightarrow{+4} J \xrightarrow{+3} G \xrightarrow{+2} E$

176(d): $56 \xrightarrow{+14} 42 \xrightarrow{+12} 30 \xrightarrow{+10} 20 \xrightarrow{+8} \boxed{12} \xrightarrow{+6} 6$

177(b): $10 \xrightarrow{+4} 14 \xrightarrow{+5} 19 \xrightarrow{+6} 25 \xrightarrow{+7} \boxed{32}$

178(d): $0.01 \xrightarrow{+0.03} 0.04 \xrightarrow{+0.05} 0.09 \xrightarrow{+0.07} \boxed{0.16}$

179(c): aa _a_ b/ _a_ abc/ _a_ ac _d_ /a _a_ de.

প্রস্তুত করেছেন: এম্পা কাঁড়ার

- প্রকৃত ফল উৎপন্ন হয় ওভারি থেকে। অপ্রকৃত ফল উৎপন্ন হয় Floral Part (থেলামাস)।
- হৃৎস্পন্দন ও হৃৎপেশীয় ক্রিয়া নিয়ন্ত্রণ করে— স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্র।
- চোখে ধুলো গেলে যে অংশ ফুলে যায়— কনজাংটিভা।
- খিদে, জল সংবহন এবং শরীরের তাপমাত্রা নিয়ন্ত্রণ করে— হাইপোথ্যালামাস
- আপেল, বাদাম ও নারকেল-এর মধ্যে যেটা প্রকৃত ফল— নারকেল।
- চিলগোজা নামের শুকনো ফলটি আমরা পাই— পাইন গাছ থেকে।
- যে হরমোন ফল পাকতে সাহায্য করে— ইথিলিন।
- বীজের অঙ্কুরোদগম সক্রিয় করতে সাহায্য করে— জিব্বারেলিক অ্যাসিড।
- শিশুর যৌনতা নির্ভর করে বাবার থেকে প্রাপ্ত ক্রোমজোম দ্বারা।
- যে প্রাণীর যৌনতা পরিবেশ দ্বারা নিয়ন্ত্রিত হয়— বনিলিয়া নামে একরকম মাছির।
- সিকেলসেল অ্যানিমিয়া রোগটি ঘটে জিনঘটিত কারণে।
- পাকসিনিয়া গ্রামিনিস ছত্রাকঘটিত রোগটি ঘটে— গমে।
- ঘুম রোগের জীবাণু ট্রাইপ্যানোসমা বাহিত হয় সেৎসি ফ্লাই দ্বারা।
- হুকওয়ার্ম দেহে প্রবেশ করে ত্বক ভেদ করে।
- পোলিও ভাইরাস দেহে প্রবেশ করে খাদ্য ও জলের মাধ্যমে।
- যে ছত্রাক মানুষের রোগ সৃষ্টি করতে পারে— অ্যাসপারজিলাস।
- সিফিলিস ব্যাক্টেরিয়াঘটিত রোগ।
- নাইট্রিফিকেশনের অর্থ অ্যামোনিয়ার জারণঘটিত নাইট্রেট উৎপাদক।
- বাস্তুবিদ্যার কার্যকারী একক হল— বাস্তুতন্ত্র।
- প্যালিওন্টোলজি যা চর্চা করে— জীবাশ্ম।
- চা গাছ 20° থেকে 30° উষ্ণতায়, 150 সেন্টিমিটারের অধিক বৃষ্টিপাতে এবং অম্লযুক্ত মৃত্তিকায় ভালো জন্মায়।
- লোহিত সাগর বা রেড সি নাম হওয়ার কারণ— এর জলের ব্লু-গ্রিন শৈবাল জন্মানোর কারণে লাল রং হয়।
- লেদার উৎপন্ন করা হয়— ত্বকের ডারমিস থেকে।
- দাঁতের এনামেল শরীরের সবচেয়ে শক্ত অংশ।
- শাকাশি প্রাণীরা ফ্যাটি অ্যাসিড উৎপন্ন করে— সেলুলোজ থেকে।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

পেশাপ্রবেশ
চাকরির পরীক্ষায় অপ্রতিদ্বন্দ্বী
প্রতিমাসেই বেরনো মাত্র ফুরিয়ে যায়, কারণ:
- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার উৎকৃষ্ট ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয়ও সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।
ফুরোবার আগেই সংগ্রহ করুন।

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad



# আদালতে মেধা তালিকা জমা দিতে নির্দেশ স্কুল সার্ভিস কমিশনকে

**নিজস্ব প্রতিনিধি:** ২৪ ঘণ্টার মধ্যে হলফনামার সঙ্গে নম্বরভিত্তিক মেধা তালিকা আদালতে জমা দেওয়ার জন্য ২৮ জানুয়ারি স্কুল সার্ভিস কমিশনের (এস এস সি) সচিবকে নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। তালিকা না পেলে সচিবকে জেলে ভরা হবে বলেও হুঁশিয়ারি দেন কলকাতা হাইকোর্টের বিচারপতি রাজশেখর মান্থা।

উল্লেখ্য, গত সেপ্টেম্বরে হাইকোর্টে এক পরীক্ষার্থী নম্বর ভিত্তিক মেধা তালিকা প্রকাশের আবেদন জানান। তাঁর সঙ্গে একই আবেদন জানান আরও কয়েকজন পরীক্ষার্থীও। তাঁরা বলেন, নিজের নামের আগে বা পরে কোনও পরীক্ষার্থীর নম্বর দেখা যাচ্ছে না তালিকায়।

১৮ সেপ্টেম্বর বিচারপতি স্কুল সার্ভিস কমিশনকে ওই তালিকা চার সপ্তাহের মধ্যে আদালতে জমা দেওয়ার নির্দেশ দিলেও সেই তালিকা জমা পড়েনি। ক্ষুব্ধ বিচারপতি রুলিং জারি করেছিলেন।

২৮ জানুয়ারি এই মামলার শুনানিতে বিচারপতি এস এস সি-র সচিবকে জিজ্ঞেস করেন, এস এস সি কি ওই নম্বর ভিত্তিক মেধাতালিকা প্রকাশ করেছে? সচিব জানান, সেই তালিকা প্রকাশ করা হয়েছে। যদিও তার সপক্ষে যে নথি কমিশনের সচিব পেশ করেন, তা দেখে চূড়ান্ত অসন্তোষ প্রকাশ করেন বিচারপতি মান্থা।

আবেদনকারীদের আইনজীবী আশিস চৌধুরী জানান, এস এস সি-র নিয়ম অনুযায়ী ১২ (২ এফ) ধারায় স্পষ্ট উল্লেখ আছে যে, তিনটি তালিকা প্রকাশ করা হবে। সাক্ষাৎকারে নির্বাচিতদের তালিকা, মেধা তালিকা এবং শেষে যাঁদের নিয়োগ করা হচ্ছে তাঁদের তালিকা। এখানে দ্বিতীয় প্রক্রিয়াটিকে টপকে তৃতীয় তালিকা প্রকাশ করা হয়েছে বলে অভিযোগ তাঁর।

এদিকে নবম-দশম শ্রেণির অ্যাসিস্ট্যান্ট টিচার পদে নিয়োগের জন্য দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিং ৫ ফেব্রুয়ারি। এ ব্যাপারে আগেই বিজ্ঞপ্তি জারি করেছে স্কুল সার্ভিস কমিশন। পরিবর্তিত পরিস্থিতিতে কমিশন কী সিদ্ধান্ত নেয়, তা বোঝা যাবে ২৯ জানুয়ারি তাদের হলফনামা পেশের পরই।

# রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ে জুনিয়র অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র পিওন

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ও জুনিয়র পিওন পদে ৫১ জন কর্মী নেবে রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: R-001/Advt./2019.

**শূন্যপদের বিন্যাস: জুনিয়র অ্যাসিস্ট্যান্ট (গ্রুপ 'সি'):** শূন্যপদ: ২৭টি (সাধারণ ৭, সাধারণ-এক্সেম্পটেড ক্যাটেগরি ৫, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-এক্সেম্পটেড ক্যাটেগরি ১, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ২, ও বি সি-এ-এক্সেম্পটেড ক্যাটেগরি ১, ও বি সি-বি ১, ও বি সি-বি-এক্সেম্পটেড ক্যাটেগরি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে টাইপিং ও কম্পিউটারের ব্যবহার জানতে হবে। মাইক্রোসফট অফিস সফটওয়্যার বা ট্যালির ব্যবহার জানলে অগ্রাধিকার।

**জুনিয়র পিওন (গ্রুপ 'ডি'):** শূন্যপদ: ২৪টি (সাধারণ ৫, সাধারণ-এক্সেম্পটেড ক্যাটেগরি ৪, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ২, তফসিলি জাতি ৪, তফসিলি জাতি-এক্সেম্পটেড ক্যাটেগরি ১, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ১, ও বি সি-এ-এক্সেম্পটেড ক্যাটেগরি ১, ও বি সি-বি ১, ও বি সি-বি-এক্সেম্পটেড ক্যাটেগরি ১, দৈহিক প্রতিবন্ধী ১)। **শিক্ষাগত যোগ্যতা:** ক্লাস এইট পাশ।

**বয়স:** ১৪-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫ এবং ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** অ্যাসিস্ট্যান্টের ক্ষেত্রে ৭,২০০-২৫,৪০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৩,৩০০ টাকা। পিওনের ক্ষেত্রে ৫,৪০০-১৮,৬০০ টাকা। সঙ্গে গ্রেড পে ১,৮০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.raiganjuniversity.ac.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২১ ফেব্রুয়ারি।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১২৫ টাকা)। অনলাইনে ফি জমা দেওয়ার পর পাওয়া চালানের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। অনলাইন দরখাস্ত পূরণ করে সাবমিটের পর অ্যাপ্লিকেশন স্লিপেরও এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। চালান ও প্রিন্ট আউট কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সিকিউরিটি প্রিন্টিং প্রেসে চাকরি

জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং), ফায়ারম্যান এবং সুপারভাইজর (রিসোর্স ম্যানেজমেন্ট) পদে ৩৭ জনকে নেবে হায়দরাবাদের সিকিউরিটি প্রিন্টিং প্রেস। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 01/2019.

**শূন্যপদের বিন্যাস:** জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং): ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ও বি সি ৮)। সুপারভাইজর (রিসোর্স ম্যানেজমেন্ট): ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ও বি সি ১)। ফায়ারম্যান: ৩টি (সাধারণ)। নিয়মানুসারে প্রাক্তন সমরকর্মী ও দৈহিক প্রতিবন্ধীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা নেওয়া হতে পারে মার্চ-এপ্রিলে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://spphyderabad.spmcil.com দরখাস্ত করা যাবে ২৯ জানুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারি পর্যন্ত।

# স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কেন্দ্রীয় সরকারে কয়েকশো ইঞ্জিনিয়ার

কয়েকশো জুনিয়র ইঞ্জিনিয়ার নিয়োগ করা হবে ভারত সরকারের সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট, ভারতীয় ডাকবিভাগ, মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিস, সেন্ট্রাল ওয়াটার কমিশন, ফরাক্কা ব্যারেজ প্রজেক্ট, সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশন, ডিরেক্টোরেট অব কোয়ালিটি অ্যাশিওরেন্স (ন্যাভাল)-এর মতো বিভিন্ন কেন্দ্রীয় বিভাগ ও সংস্থায়। নিয়োগ হবে সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল এবং কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্র্যাক্ট শাখায়। তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত হবে। সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখার ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদনের যোগ্য। একটি সর্বভারতীয় পরীক্ষা 'জুনিয়র ইঞ্জিনিয়ার্স এক্সামিনেশন, ২০১৮'র মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** সিভিল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনি-য়ারিংয়ে ডিপ্লোমা ও ডিগ্রিধারীরা আবেদন করতে পারেন।

**বয়স:** সাধারণত সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্টে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল) ও সেন্ট্রাল ওয়াটার কমিশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও মেকানিক্যাল) পদের ক্ষেত্রে ৩২ বছরের মধ্যে হতে হয়। ভারতীয় ডাকবিভাগে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল) এবং মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে জুনিয়র ইঞ্জিনিয়ার (কোয়ান্টিটি সার্ভেয়িং অ্যান্ড কন্ট্র্যাক্ট) পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে থাকতে হবে। মিলিটারি ইঞ্জিনিয়ারিং সার্ভিসে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল), ফরাক্কা ব্যারেজ প্রজেক্টে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল), সেন্ট্রাল ওয়াটার পাওয়ার রিসার্চ স্টেশনে জুনিয়র ইঞ্জিনিয়ার (সিভিল ও ইলেক্ট্রিক্যাল) এবং ডিরেক্টোরেট অব কোয়ান্টিটি অ্যাশিওরেন্স (ন্যাভাল) পদের ক্ষেত্রে ৩০ বছরের মধ্যে বয়স থাকতে হয়।

বয়সসীমায় তফসিলিরা ৫, ও বি সিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ (তফসিলি হলে ১৫, ও বি সি হলে ১৩) বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে দু'টি পেপারে পরীক্ষার মাধ্যমে। পেপার ওয়ান ও পেপার টু মিলিয়ে মোট ৫০০ নম্বরের পরীক্ষা।

পেপার ওয়ানে থাকবে ৫০ নম্বরের জেনারেল ইন্টেলিজেন্স ও রিজনিং, ৫০ নম্বরের জেনারেল অ্যাওয়্যারনেস এবং ১০০ নম্বরের ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ের তিনটি পার্টের প্রশ্ন। প্রথম পার্টে থাকবে জেনারেল ইঞ্জিনিয়ারিং (সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল) বিষয়ে প্রশ্ন। দ্বিতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) এবং তৃতীয় পার্টে জেনারেল ইঞ্জিনিয়ারিং (মেকানিক্যাল) বিষয়ে প্রশ্ন থাকবে। ইঞ্জিনিয়ারিং-সংক্রান্ত বিষয়ে তিনটি পার্টের মধ্যে যে-কোনও একটি পার্টের উত্তর দিতে হবে। এই পেপারে সব প্রশ্নই হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েস ধরনের। সময় ২ ঘণ্টা। পেপার টুয়ে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৩০০ নম্বরের কনভেনশনাল প্রশ্ন হবে। সময় ২ ঘণ্টা। এই পরীক্ষার তারিখ এখনও কমিশনের তরফে জানানো হয়নি। পেপার ওয়ান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই পেপার টুয়ে বসার জন্য যোগ্য বিবেচিত হবেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://ssc.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ১ ফেব্রুয়ারি থেকে ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত।

অনলাইন দরখাস্ত শুরু হওয়ার কথা ছিল ২৮ জানুয়ারি। কমিশন একটি বিজ্ঞপ্তি দিয়ে জানিয়েছে, ১ ফেব্রুয়ারি থেকে অনলাইন দরখাস্ত গ্রহণ শুরু হবে।

খুঁটিনাটি তথ্য পাবেন ১ ফেব্রুয়ারি থেকে এই ওয়েবসাইটে: www.ssc.nic.in

# জলসম্পদ সংস্থায় ইঞ্জিনিয়ার, অ্যাকাউন্ট্যান্ট স্টেনোগ্রাফার, ক্লার্ক

*প্রথম পাতার পর*

অগ্রাধিকার পাবেন। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

**জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট:** শূন্যপদ ৭টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, ও বি সি ২)। শিক্ষাগত যোগ্যতা: কমার্সের ডিগ্রি। ৩ বছরের কাজের অভিজ্ঞতা এবং সরকারি বা স্বশাসিত সংস্থার ফিনান্সিয়াল বা অডিট বিভাগে কাজ করে থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ২৯,২০০-৯২,৩০০ টাকা।

**স্টেনোগ্রাফার গ্রেড-টু:** শূন্যপদ ৮টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, ও বি সি ১)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত উচ্চমাধ্যমিক। স্কিল টেস্টে মিনিটে ৮০টি শব্দের গতিতে ১০ মিনিট ধরে শর্টহ্যান্ডে নেওয়া ডিক্টেশন টাইপরাইটারে ইংরেজিতে ৬৫ মিনিটে বা হিন্দিতে ৭৫ মিনিটে অথবা কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা।

**লোয়ার ডিভিশন ক্লার্ক:** শূন্যপদ ৩৩টি (সাধারণ ১৭, তফসিলি জাতি ৪, ও বি সি ১২)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক। মিনিটে ৩০টি ইংরেজি বা ২৫টি হিন্দি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটার ব্যবহারের জ্ঞান থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

**বয়স:** সব ক্ষেত্রেই ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বয়সে তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষার মাধ্যমে। অনলাইন পরীক্ষায় সফল হলে স্টেনোগ্রাফার ও ক্লার্ক পদের প্রার্থীদের ক্ষেত্রে থাকবে স্কিল টেস্ট।

দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nwda.gov.in ২ থেকে ২২ ফেব্রুয়ারির মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে। ২ ফেব্রুয়ারি থেকে এই নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য পাবেন উপরোক্ত ওয়েবসাইটে।

# রাজ্য সরকারে মোটর ভেহিক্যল ইনস্পেক্টর

*প্রথম পাতার পর*

**খেলোয়াড় নিয়োগ করা হবে এইসব ক্রীড়াক্ষেত্র থেকে:** অ্যাথলেটিক্স (ট্র্যাক এবং ফিল্ড ইভেন্ট-সহ), ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শুটিং, কবাডি, খো খো।

**খেলাধুলার যোগ্যতা:** আন্তর্জাতিক বা জাতীয় বা আন্তঃবিশ্ববিদ্যালয় বা জাতীয় স্কুল ক্রীড়া প্রতিযোগিতায় সংশ্লিষ্ট ক্রীড়াক্ষেত্রে অংশগ্রহণ করে থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwb application.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৭ ফেব্রুয়ারি।

ফি বাবদ দিতে হবে ১৬০ টাকা। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের কোনও ফি দিতে লাগবে না। অনলাইন এবং অফলাইন, দু'মাধ্যমেই ফি জমা দেওয়া যাবে। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দিতে পারেন। সেক্ষেত্রে কনভেনিয়েন্স ফি বাবদ অতিরিক্ত ৫ টাকা দিতে হবে। অন্যথায় চালানের মাধ্যমে নগদে ফি জমা দিতে পারেন ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায়। সেক্ষেত্রে সার্ভিস চার্জ বাবদ অতিরিক্ত ২০ টাকা দিতে হবে। চালানের প্রিন্ট আউট পাবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। অফলাইনে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৮ ফেব্রুয়ারি।

খুঁটিনাটি তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে: www.pscwbonline. gov.in


স্বনির্ভরতার লক্ষ্যে

## পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

## প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**ফেব্রুয়ারি-এর প্রতিযোগিতার জন্য জানুয়ারি মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ ফেব্রুয়ারি-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:
**সম্পাদক, কর্মক্ষেত্র, ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।**

banglajobgude.bogspot.com Join http://t.me/BanglaJobGude http://t.me/BangoSongbad

R. N. 37120/80
KARMAKSHETRA Vol 39 No. 26 Kolkata Wednesday 30 JANUARY 2019 /16 Member, INDIAN NEWSPAPER SOCIETY

# আর্মিতে ১৮৯

প্রথম পাতার পর

কমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলিকমিউনিকেশন/ স্যাটেলাইট কমিউনিকেশন: ২৩টি। ইলেক্ট্রনিক্স/অপ্টো ইলেক্ট্রনিক্স/ফাইবার অপটিক্স/মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভ: ৮টি। আর্কিটেকচার/ বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজি: ৩টি। প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং: ৩টি।

২৪তম শর্ট সার্ভিস কমিশনে মহিলাদের জন্য মোট শূন্যপদের সংখ্যা ১৪টি। **শাখা অনুসারে শূন্যপদ:** সিভিল: ৪টি। মেকানিক্যাল: ৩টি। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স: ২টি। ইনফর্মেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার টেকনোলজি/এম এসসি (কম্পিউটার সায়েন্স): ৩টি। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলিকমিউনিকেশন/ স্যাটেলাইট কমিউনিকেশন: ২টি।

এছাড়া কর্মরত অবস্থায় প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের জন্য নন-টেকনিক্যাল ও টেকনিক্যাল শাখায় ১টি করে শূন্যপদ রয়েছে।

**শিক্ষাগত যোগ্যতা:** নির্ধারিত শাখায় নিম্নলিখিত তালিকা অনুসারে যে-কোনও একটি বিষয়ে ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। সিভিলের ক্ষেত্রে সিভিল ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং (স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং), স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিং। মেকানিক্যালের ক্ষেত্রে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল (মেকট্রনিক্স) ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রিক্যাল/ ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্সের ক্ষেত্রে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার) ইঞ্জিনিয়ারিং, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং। অ্যারোনটিক্যাল/ ব্যালিস্টিক্স/ অ্যাভিওনিক্সের ক্ষেত্রে অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, অ্যাভিওনিক্স ইঞ্জিনিয়ারিং। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার টেকনোলজি/ইনফর্মেশন টেকনোলজি/এম এসসি (কম্পিউটার সায়েন্স)-এর ক্ষেত্রে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম/ টেলিকমিউনিকেশন/ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন/স্যাটেলাইট কমিউনিকেশনের ক্ষেত্রে ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং। ইলেক্ট্রনিক্স/অপ্টো ইলেক্ট্রনিক্স/ফাইবার অপটিক্স/ মাইক্রো ইলেক্ট্রনিক্স অ্যান্ড মাইক্রোওয়েভের ক্ষেত্রে পাওয়ার ইলেক্ট্রনিক্স অ্যান্ড ড্রাইভস। আর্কিটেকচার/বিল্ডিং কনস্ট্রাকশন টেকনোলজির ক্ষেত্রে আর্কিটেকচার ইঞ্জিনিয়ারিং। প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, প্রোডাক্ট ডিজাইন অ্যান্ড ডেভেলপমেন্ট, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট।

প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের জন্য নন-টেকনিক্যাল শাখার ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক এবং টেকনিক্যাল শাখার ক্ষেত্রে যে-কোনও ইঞ্জিনিয়ারিং শাখায় স্নাতক হলেই আবেদন করা যাবে।

যাঁরা ফাইনাল ইয়ারের পরীক্ষা দিতে চলেছেন বা দিয়েছেন তাঁরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে ট্রেনিং শুরুর ১২ সপ্তাহের মধ্যে ডিগ্রি সার্টিফিকেট দাখিল করতে হবে।

**বয়স:** ১-১০-২০১৯ তারিখে ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে ২০ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ জন্মতারিখ হতে হবে ২-১০-১৯৯২ থেকে ১-১০-১৯৯৯-এর মধ্যে।

প্রয়াত সমরকর্মীদের স্ত্রীদের নন-টেকনিক্যাল শাখার ক্ষেত্রে ৭-১০-২০১৯ তারিখে ৩৫ বছরের মধ্যে বয়স হলে এবং পুনরায় বিবাহ না করে থাকলে আবেদন করা যাবে।

**দৈহিক মাপজোক:** ছেলেদের ক্ষেত্রে উচ্চতা অন্তত ১৫৭.৫ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। মেয়েদের ক্ষেত্রে উচ্চতা ১৫২ সেমি এবং ওজন অন্তত ৪২ কেজি। গোর্খা প্রার্থীরা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে দু'পর্যায়ের পরীক্ষার মাধ্যমে। প্রার্থী বাছাই করবে সার্ভিস সিলেকশন বোর্ড। সিলেকশন সেন্টারগুলি হল: এলাহাবাদ, ভোপাল, বেঙ্গালুরু ও কাপুরথালা। সিলেকশন সেন্টারে প্রথম পর্যায়ের পরীক্ষায় সফল হলে তবেই বাকি টেস্টগুলি দেওয়া যাবে। অন্যথায় সেদিনই ফেরত পাঠানো হবে। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন।

৪৯ সপ্তাহের ট্রেনিং। ট্রেনিং হবে চেন্নাইয়ের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। ট্রেনিং শুরু হবে লেফটেন্যান্ট র‍্যাঙ্কে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড: প্রতি মাসে ৫৬,১০০ টাকা। ট্রেনিংয়ে সফল হলে নিয়োগ। তখন বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। সঙ্গে মিলিটারি সার্ভিস পে ১৫,৫০০ টাকা। চিফ অব দ্য আর্মি স্টাফ র‍্যাঙ্ক পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindianarmy.nic.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ২১ ফেব্রুয়ারি পর্যন্ত। যথাযথভাবে দরখাস্ত পূরণ করে 'Submit' করবেন। রোল নম্বর-সহ পূরণ করা দরখাস্তের দু'কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট (পি ডি এফ ফর্ম্যাট) নিয়ে নেবেন। এর মধ্যে একটি প্রিন্ট আউটের নির্দিষ্ট জায়গায় সই করে এক কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো সেঁটে দেবেন। এটি সিলেকশন সেন্টারে ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যেতে হবে। সঙ্গে প্রয়োজনীয় যাবতীয় মূল নথিপত্র ও তার এক কপি স্বপ্রত্যয়িত নকল নিয়ে যাবেন। অপর প্রিন্ট আউটটি নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হতে পারে।

নন-টেকনিক্যাল শাখার ক্ষেত্রে অফলাইন দরখাস্ত করতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে। পূরণ করা দরখাস্তের সঙ্গে প্রয়াত সমরকর্মীর স্ত্রী হওয়ার যাবতীয় প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রত্যয়িত নকল ৩১ মার্চের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Rtg-A (WE) Section, Dte Gen of Rtg, AG's Branch, Integrated HQ, Ministry of Defence (Army), West Block-III, R. K. Puram, New Delhi-110 066. খামের ওপর লাল কালিতে প্রয়াত সমরকর্মীর নাম লিখে দেবেন। যথা 'Widow of Late ________.'

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# বসিরহাটে স্বাস্থ্যকর্মী

কালা আজার ট্রিটমেন্ট সুপারভাইজর, ল্যাব টেকনিশিয়ান (ব্লাড ব্যাঙ্ক), লেডি কাউন্সেলর-সহ বিভিন্ন পদে ১০ জনকে নেবে বসিরহাট হেলথ ডিস্ট্রিক্টের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি। নিয়োগ হবে চুক্তিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: DHFWS/BSRHT/0133/19. আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.wbhealth.gov.in

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত রেজিস্টার্ড বা স্পিড পোস্টের মাধ্যমে বা সরাসরি ৪ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# আরও আড়াই লক্ষ শূন্যপদে নিয়োগের ঘোষণা রেলমন্ত্রীর

প্রথম পাতার পর

হয়েছে, ২০১৯-২০ এবং ২০২০-২১ আর্থিক বছরে ৯৯ হাজার কর্মী অবসর নেবেন। দ্বিতীয় পর্যায়ে এই ৯৯ হাজার শূন্যপদে নিয়োগের প্রক্রিয়া শুরু করা হবে।

এখানে উল্লেখ্য, রেলমন্ত্রী উচ্চবর্ণের দরিদ্রদের জন্য ১০ শতাংশ সংরক্ষিত আসন থাকবে বলে ঘোষণা করে দিলেও, সাংবিধানিক বৈধতার প্রশ্নে ১০ শতাংশ সংরক্ষণের বিষয়টি সুপ্রিম কোর্টের বিচারাধীন। ২৫ জানুয়ারি কেন্দ্রীয় সরকারকে নোটিস জারি করে দেশের শীর্ষ আদালত জানিয়েছে, সরকারি এই সিদ্ধান্ত সাংবিধানিকভাবে বৈধ কিনা তা আদালত 'পরীক্ষা' করে দেখবে। যদিও সুপ্রিম কোর্ট এ ব্যাপারে কোনও স্থগিতাদেশ জারি করেনি।




স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: info@swarnakshar.in Website: www.swarnakshar.in